# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Boishakh 09, 1433 Bangla, April 22, 2026, Wednesday, No. 109, 56th year


# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has expressed his government's strong stance for ensuring press freedom in the country. (R. Today: 12)

Finance Minister Amir Khasru Mahmud Chowdhury has said, private sector has become weak due to previous government's excessive borrowing and government is trying to repair it. (R. Today: 15)

Government has taken initiative to change uniforms of police again following criticism about colors of existing police uniforms introduced by interim government. (R. Today: 14)

Prime Minister's Adviser on Information and Broadcasting Dr Zahed Ur Rahman has said transport fares will be rationally fixed in line with recent increase in fuel prices. (Jago FM: 17)

LGRD and Cooperatives Ministry has informed that directives have been given to set up special 'inspection room' for MPs in every Upazila Parishad across the country. (BBC: 03)

Police have recovered bodies of three people, covered in blood, from a hill at Baharchhara Union of Teknaf Upazila in Cox's Bazar. (R. Today: 13)

A Bangladeshi youth has been killed in a drone attack by Ukraine in Russia. (DW: 12)

US President Donald Trump has announced an extension of ceasefire with Iran. (Jago FM: 16)

Tehran has strongly condemned seizure of its flagged commercial ship 'Tuska' by US military and demanded "immediate release" of its sailors. (BBC: 11)


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৯, বাংলা ১৪৩৩, এপ্রিল ২২, ২০২৬, বুধবার, নং- ১০৯, ৫৬তম বছর**

# শিরোনাম

সংবাদপত্রের স্বাধীনতার প্রতি সরকারের দৃঢ় অবস্থানের কথা ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।(রে. টুডে: ১২)

বিগত সরকারের অতিরিক্ত ঋণ গ্রহণের কারণে বেসরকারি খাত দুর্বল হয়ে পড়েছে বলে জানিয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, ঋণের পরিমাণ কমাতে সচেষ্ট সরকার। (রে. টুডে: ১৫)

অন্তবর্তী সরকারের নির্ধারিত পুলিশের ইউনিফর্মের রং নিয়ে সমালোচনার প্রেক্ষিতে আবারও পুলিশের পোশাক পরিবর্তনের উদ্যোগ নিয়েছে সরকার। (রে. টুডে: ১৪)

জ্বালানি তেলের দাম বাড়ার প্রেক্ষিতে পরিবহন ভাড়া যৌক্তিকভাবে নির্ধারিত হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। (জাগো এফএম: ১৭)

দেশের উপজেলা পরিষদগুলোতে সংসদ সদস্যদের জন্য বিশেষ ‘পরিদর্শন কক্ষ’ প্রস্তুত করার নির্দেশ দেওয়ার কথা জানিয়েছে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। (বিবিসি: ০৩)

কক্সবাজারের টেকনাফ উপজেলার বাহারছড়া ইউনিয়নের গহীন পাহাড় থেকে রক্তাক্ত অবস্থায় তিনজনের মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। (রে. টুডে: ১৩)

ইউক্রেনের ড্রোন হামলায় রাশিয়ায় অবস্থানরত এক বাংলাদেশি যুবকের প্রাণহানি। (ডয়েচে ভেলে: ১২)

ইরানের সঙ্গে যুদ্ধবিরতির সময় বাড়ানোর ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। (জাগো এফএম: ১৬)

ইরানের পতাকাবাহী বাণিজ্যিক জাহাজ ‘তুসকা’ যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী জব্দ করার পর এ ঘটনার তীব্র নিন্দা জানিয়ে এর নাবিকদের “তাৎক্ষণিক মুক্তি” দাবি করেছে তেহরান। (বিবিসি: ১১)

# বিবিসি

## প্রতি উপজেলায় এমপিদের জন্য স্থাপন হচ্ছে 'পরিদর্শন কক্ষ' : স্থানীয় সরকার প্রতিমন্ত্রী

দেশের উপজেলা পরিষদগুলোতে এখন থেকে জাতীয় সংসদ সদস্যদের জন্য আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বিশেষ 'পরিদর্শন কক্ষ' প্রস্তুত করার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। মঙ্গলবার জাতীয় সংসদে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম এই তথ্য জানান। খবর- বাংলাদেশ সংবাদ সংস্থা বা বাসসের। স্থানীয় সরকার প্রতিমন্ত্রী বলেন, স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রীর পরামর্শক্রমে ইতোমধ্যে এই সংক্রান্ত সরকারি আদেশ বা জিও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) বরাবর জারি করা হয়েছে। প্রতিমন্ত্রী বলেন, "উপজেলা পরিষদের নতুন বা পুরাতন কমপ্লেক্স ভবনের দ্বিতীয় তলায় যেখানে যে অবস্থা রয়েছে, সেখানেই অ্যাটাচ বাথরুম ও উন্নতমানের আসবাবপত্রসহ সংসদ সদস্যদের বসার জন্য একটি কক্ষ রেডি করে দেওয়া হবে। বিধিমালা অনুযায়ী, সংসদ সদস্যদের নামে সরাসরি কক্ষ বরাদ্দের সুযোগ না থাকায় এই কক্ষটির নাম হবে 'পরিদর্শন কক্ষ'। এখানে বসে এমপিরা তাদের প্রয়োজনীয় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে পারবেন এবং সাধারণ মানুষের সঙ্গে সরাসরি দেখা-সাক্ষাৎ ও সময় ব্যয় করার সুযোগ পাবেন।" তিনি জানান, কোনো সংসদ সদস্যের নির্বাচনি এলাকায় যদি একাধিক উপজেলা থাকে, তবে প্রতিটি উপজেলাতেই তার জন্য এমন অফিস বা পরিদর্শন কক্ষের ব্যবস্থা থাকবে।
(বিবিসি ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ রুবাইয়া)

## ৫২ দিনে ৪৪ হাজার ৫০০ কোটি টাকা ঋণ নিয়েছে সরকার, সংসদে রুমিন ফারহানা

নতুন সরকার ক্ষমতা গ্রহণের মাত্র ৫২ দিনের মাথায় ৪৪ হাজার ৫০০ কোটি টাকা ঋণ নিয়েছে জানিয়ে সংসদে সমালোচনা করেছেন সংসদ সদস্য রুমিন ফারহানা। বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনের বরাত দিয়ে তিনি বলেন, সরকার এখন অতিমাত্রায় ব্যাংক ঋণের ওপর নির্ভরশীল হয়ে পড়েছে। এই পরিস্থিতি মোকাবিলায় সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা জানতে চান তিনি। এসময় অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী জবাবে বলেন, "এই ঋণ ক্যারিওভার হচ্ছে আগে থেকে।" অর্থাৎ, বিগত সরকারের রেখে যাওয়া ঋণের ধারাবাহিকতা এটি। এই ঋণ বর্তমান সরকারের কর্মফল না। এরপর তিনি আরও বলেন, "বিএনপির যে অর্থনৈতিক পলিসি, তা হলো স্থানীয় ব্যাংক থেকে ক্রমান্বয়ে ঋণ কমিয়ে আনা। আগামী বাজেটে এর প্রতিফলন দেখতে পাবেন।"
(বিবিসি ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ এলিনা)

## সংরক্ষিত নারী আসনে নির্বাচনে মনোনয়নপত্র দাখিল করলেন ৫৩ জন

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনে বিভিন্ন দল ও জোট এবং স্বতন্ত্রভাবে আজ বিকেল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করেছেন মোট ৫৩ জন প্রার্থী। আজ বিকেল পৌনে ৫টায় ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত নির্বাচন ভবনে নির্বাচনের রিটার্নিং অফিসার ও নির্বাচন কমিশনের যুগ্ম সচিব মো. মঈন উদ্দীন খান সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি বলেন, আজকে জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ছিল। পূর্বঘোষিত সময় অনুযায়ী, আজ বিকেল ৪টায় সময় শেষ হওয়া পর্যন্ত আমরা বিএনপি এবং জোট থেকে ৩৬টি মনোনয়নপত্র পেয়েছি, বাংলাদেশ জামায়াতে ইসলামীর জোট থেকে ১৩টি এবং স্বতন্ত্র জোট থেকে একটি মনোনয়নপত্র পেয়েছি। তিনি আরো বলেন, এর বাইরে আমরা তিনজনের মনোনয়নপত্র পেয়েছি, তারা হলেন- শাম্মা আক্তার, মোসাম্মৎ মেহরুন্নেসা ও মাহবুবা রহমান। এই তিনজন আসলে কোনো দল বা জোট থেকে আবেদন করেননি, তারা নিজেদের মতো করে মনোনয়নপত্র জমা দিয়েছেন। কমিশনের পূর্বঘোষিত তফশিল অনুযায়ী, রিটার্নিং অফিসার আগামী ২২ এপ্রিল দুপুর ২টা থেকে বিকেল ৪টা ও ২৩ এপ্রিল সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত জমাকৃত মনোনয়নপত্র যাচাই-বাছাই করবেন। প্রার্থীদের মনোনয়নপত্রের বিরুদ্ধে আপিল করা যাবে আগামী ২৬ এপ্রিল এবং কমিশন আপিল নিষ্পত্তি করবেন ২৭ ও ২৮ এপ্রিল। প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ২৯ এপ্রিল, প্রতীক বরাদ্দ ৩০ এপ্রিল আর ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ১২ মে। এসময়, গণমাধ্যমকর্মীদের এক প্রশ্নের জবাবে রিটার্নিং কর্মকর্তা বলেন, ২২ এপ্রিল জামায়াত জোট ও স্বতন্ত্র জোটের মনোনয়নপত্র বাছাই হবে। পরদিন ২৩ এপ্রিল বিএনপি জোটের মনোনয়নপত্র বাছাই হবে।(বিবিসি ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ এলিনা)

## সাবেক প্রসিকিউটর সাইমুমের বিরুদ্ধে ঘুস দাবির প্রমাণ মিলেছে : চিফ প্রসিকিউটর

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সাবেক প্রসিকিউটর সাইমুম রেজা তালুকদারের বিরুদ্ধে কোটি টাকা ঘুস দাবির তথ্যের প্রাথমিক সত্যতা পেয়েছে ট্রাইব্যুনাল। জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলার একজন আসামিকে জামিন করিয়ে দেওয়ার জন্য এক কোটি টাকা চাওয়ার বিষয়টি গত মাসে সামনে আসে। এর পরই ঘটনাটি তদন্তে ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলামের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি 'ফ্যাক্টস ফাইন্ডিং কমিটি' গঠন করা হয়। মঙ্গলবার কমিটির প্রধান ও চিফ প্রসিকিউটর মি. ইসলাম বলেন, "ইতোমধ্যে আমরা সেই অডিও রেকর্ডের সত্যতা আমরা পেয়েছি। সেখানে দুইজনের কথোপকথনের রেকর্ড আমরা পেয়েছি।" চিফ প্রসিকিউটর বলেন, "আমরা যে অডিও পেয়েছি, সেখানে ফজলে করিম চৌধুরীর স্ত্রী ও সাবেক প্রসিকিউটর সাইমুম তালুকদারের কথোপকথনও আছে। এর বাইরে আর কোনো লেনদেন হয়েছে কি-না, সেটা আমরা খতিয়ে দেখছি,

তদন্ত করে দেখছি।" মূলত, ওই অভিযোগ ওঠার পরই ওই প্রসিকিউটর আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনাল থেকে স্বেচ্ছায় পদত্যাগ করেছিলেন। যদিও এই অভিযোগ ওঠার পর তখন তা অস্বীকার করেছিলেন ওই প্রসিকিউটর।

(বিবিসি ওয়েব পেজঃ ২১.০৪.২০২৬ রুবাইয়া)

## নওগাঁয় একই পরিবারের চারজনের মরদেহ উদ্ধার

রাজশাহী বিভাগের নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের বাহাদুরপুর গ্রামে নিজ বাড়ি থেকে একই পরিবারের চারজনের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিয়ামতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মাহবুবুর রহমান বিষয়টি বিবিসিকে নিশ্চিত করেন। যাদের মরদেহ উদ্ধার হয়েছে তারা হলেন- ৩৫ বছর বয়সি হাবিবুর রহমান, তার ৩০ বছর বয়সি স্ত্রী পপি খাতুন এবং এই দম্পতির ১০ বছরের ছেলে পারভেজ হোসেন ও তিন বছর বয়সি মেয়ে সাদিয়া খাতুন। পুলিশ জানিয়েছে, হাবিবুর রহমান ও তার স্ত্রীকে গলা কেটে হত্যা করা হয়েছে। আর তাদের দুই সন্তানের মাথায় আঘাত করা হয়। নিয়ামতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মাহবুবুর রহমান জানান, কে বা কারা হত্যাকাণ্ড ঘটিয়েছে, তা জানা যায়নি এখনো, তবে তদন্ত করা হচ্ছে। এলাকাবাসীর সূত্রে জানা যায়, ফজরের নামাজের পর দরজা খোলা দেখে প্রতিবেশীরা ভেতরে ঢুকলে তাদের মৃতদেহ দেখতে পায়। পরে থানায় খবর দিলে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়। প্রতিবেশীদের দেওয়া তথ্য অনুযায়ী, হাবিবুর রহমান গরুর ব্যবসা করতেন।

(বিবিসি ওয়েব পেজঃ ২১.০৪.২০২৬ এলিনা)

## ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ভূমিকম্প অনুভূত

আজ মঙ্গলবার ভোরে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে মাঝারি মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। তাদের তথ্য অনুযায়ী, ভোর ৬টা ৩৭ মিনিটে দেশে এই কম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে ভূমিকম্পটির মাত্রা ছিল পাঁচ এবং এর উৎপত্তিস্থল ছিল ভারতের মনিপুর রাজ্যের ওয়াংজিংয়ে, যা মিয়ানমারের সীমান্তের কাছাকাছি। ঢাকা থেকে উৎপত্তিস্থলের দূরত্ব ৪৩৬ কিলোমিটার উত্তর-পূর্ব দিকে।

(বিবিসি ওয়েব পেজঃ ২১.০৪.২০২৬ এলিনা)

পশ্চিমবঙ্গের ভোটার তালিকা থেকে বাদ পড়া মুসলমানদের ভাগ্যে কী আছে?

পশ্চিমবঙ্গে ভোটের আবহাওয়ায় আওয়াল শেখ কোনো একটা পক্ষের 'পোস্টার বয়' হয়ে উঠতেই পারতেন! কারণ, একে তো তিনি মুসলমান, তার ওপরে আবার এসআইআরের দ্বিতীয় দফায় 'বিচারাধীন' থাকলেও শেষমেষ তার নাম উঠেছে ভোটার তালিকায়। যখন ভোটার তালিকায় নিবিড় সংশোধনের পরে লাখ লাখ মুসলমানের নাম ভোটার তালিকা থেকে বাদ পড়েছে, তার মধ্যেই মুর্শিদাবাদ জেলার ভগবানগোলার বাসিন্দা মি. শেখের ঘটনা উল্লেখযোগ্য বলে কেউ প্রচার করতেই পারতেন। তবে তিনি পোস্টার বয় হতে পারেননি, কারণ তিনি যে ভারতের নাগরিক, তা প্রমাণ করার আগে এক বছর তাকে তামিলনাড়ুতে 'ডিটেনশন সেন্টারে' আটক থাকতে হয়েছিল- কথিত বাংলাদেশি অনুপ্রবেশকারীদের সঙ্গে। ম্যাড্রাস হাইকোর্টের রায়ে তিনি 'ভারতীয়' প্রমাণিত হয়ে কিছুদিন আগে বাড়ি ফিরেছেন। আবার, এই ভোটের মধ্যেই অন্য কোনো পক্ষ ওই জেলারই লালগোলা বিধানসভা আসনের অন্তর্গত দেবীপুরের বাসিন্দা হালিম শেখকেও সামনে আনতে পারত তাদের প্রচারণায়। কারণ, তাকে যখন ওড়িশা রাজ্যের পুলিশ গত বছর ছয়দিন আটকে রেখেছিল 'বাংলাদেশি অনুপ্রবেশকারী' সন্দেহে, তখন পশ্চিমবঙ্গের রাজ্য পুলিশই তো নথি যাচাই করে তাকে মুক্ত করার কাজটা করে দিয়েছিল। কিন্তু একবার পুলিশ তার নাগরিকত্ব যাচাই করে দেওয়ার পরেও ভোটার তালিকায় তার নামও যে নেই, তাই তারও 'পোস্টার বয়' আর হয়ে ওঠা হলো না। এর মধ্যেই চলে এলো ভোটগ্রহণের প্রথম পর্ব। আর সেই ভোট নিতে সরকারি দায়িত্ব পালন করতে হবে আখতার আলিকে। তিনি একটি কেন্দ্রের প্রিজাইডিং অফিসার। এই হাইস্কুল শিক্ষক বিবিসি বাংলাকে বলছিলেন, "ভাবুন একবার, আমি ভোট পরিচালনা করব, অথচ আমার নিজেরই ভোটাধিকার নেই। আমার নামও বাদ পড়েছে ভোটার তালিকা থেকে।"

মুসলিম অধ্যুষিত তিন আসনে সর্বাধিক নাম বাদ

যে তিনটি এলাকার কয়েকজন মানুষের কথা উল্লেখ করলাম, তারা মুর্শিদাবাদের সামশেরগঞ্জ, লালগোলা আর ভগবানগোলার বাসিন্দা। ওই তিনটি মুসলমান অধ্যুষিত বিধানসভা আসনে সব থেকে বেশি ভোটারের নাম বাদ গেছে ভোটার তালিকার নিবিড় সংশোধন বা এসআইআর প্রক্রিয়ায়। পশ্চিমবঙ্গের সমাজ-গবেষণা প্রতিষ্ঠান 'সবর ইনস্টিটিউট' নির্বাচন কমিশনের তথ্য থেকে একটি মানচিত্র তৈরি করে তাদের ওয়েব সাইটে প্রকাশ করেছে, যেটিতে কোনো একটি আসনের ওপরে কম্পিউটারের মাউস ছোঁয়ালেই উঠে আসছে সংশ্লিষ্ট আসনে কত ভোটারের নাম বাদ পড়েছে, সেই তথ্য। ওই তথ্য থেকেই দেখা যাচ্ছে, সামশেরগঞ্জেই নাম বাদ পড়ার সংখ্যা রাজ্যের মধ্যে সর্বাধিক। গত বছর ওই আসনে ভোটার ছিলেন প্রায় ২ লাখ ৫৩ হাজার। এসআইআরে প্রথম পর্যায়ে মৃত, অন্যত্র চলে গেছেন বা একাধিক জায়গায় নাম আছে, সামশেরগঞ্জের এমন আট হাজারের সামান্য বেশিসংখ্যক ভোটারের নাম বাদ গিয়েছিল। এর পরের পর্যায়গুলোতে ভোটারদের নামে কোনো 'যুক্তিগ্রাহ্য অসংগতি' আছে কি না, তা খোঁজা হয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে। সবর ইনস্টিটিউটের গবেষক সাবির আহমেদ বলছিলেন, "যে-সব যুক্তিগ্রাহ্য অসংগতির কথা বলেছে নির্বাচন কমিশন, সেগুলো চূড়ান্ত অযৌক্তিক। নামের বানানে সামান্য ভুল, বিবাহিত নারীদের পদবি বদল, ব্যানার্জি আর বন্দ্যোপাধ্যায় যে একই পদবি, এমনকি বাবা-মায়ের কেন ছয়ের বেশি সন্তান, সেসবও যুক্তিগ্রাহ্য অসংগতি বলে ধরে

নিয়েছে এআই।" এসব অসংগতি যাদের নামে পেয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা, তাদের রাখা হয়েছিল 'বিবেচনাধীন' তালিকায়। বিচারবিভাগীয় কর্মকর্তা সেইসব নাম বিবেচনা করেছেন। তারপরে প্রকাশিত সর্বশেষ তালিকা অনুযায়ী সামশেরগঞ্জের ৮৩ হাজার ৬৬২ জনের নাম তালিকা থেকে বাদ পড়েছে। লালগোলা আসনটিও মুসলমান অধ্যুষিত। সর্বশেষ তালিকা অনুযায়ী, ওই অঞ্চলে বাদ পড়েছে ৬৩ হাজারের কিছু বেশি ভোটার। আর ভগবানগোলায় বাদ পড়েছেন সাড়ে ৫৩ হাজার ভোটার।

'বাংলাদেশি' সন্দেহে কাউকে আটক, কাউকে মারধর

মুর্শিদাবাদ জেলার এই তিনটি আসনই মুসলমান অধ্যুষিত এবং এই অঞ্চলগুলো থেকেই প্রচুরসংখ্যক মানুষ অন্য রাজ্যে কাজ করতে যান। সরকারি পরিভাষায় যাদের নাম 'পরিযায়ী শ্রমিক'। তাদের মধ্যে হিন্দুরা যেমন আছেন, তেমনই মুসলমানরাও আছেন। তবে, মুসলমান পরিযায়ী শ্রমিকদেরই 'বাংলাদেশি অনুপ্রবেশকারী' বা 'রোহিঙ্গা' সন্দেহে গত প্রায় এক বছর ধরে বিভিন্ন রাজ্যের পুলিশ এবং স্থানীয় হিন্দুত্ববাদীদের হাতে হেনস্তার শিকার হতে হয়েছে, মার খেতে হয়েছে। তাদের ওপরে সন্দেহের প্রাথমিক কারণ তাদের ধর্মীয় পরিচয়। গত একবছরে মুর্শিদাবাদ বা মালদা জেলা দুটির যত পরিযায়ী শ্রমিকের হেনস্তা হওয়ার খবর লিখতে হয়েছে, প্রায় প্রতিটা ক্ষেত্রেই তারা অভিযোগ করেছিলেন যে, তাদের নাম বা পরিচয়পত্র দেখে মুসলমান বলে নিশ্চিত হওয়ার পরেই তাদের মারধর বা আটক করা হয়েছে। কাউকে যেমন পরিচয় যাচাই করার জন্য আটক থাকতে হয়েছে, আবার ভগবানগোলারই বাসিন্দা মেহবুব শেখকে বাংলাদেশি সন্দেহে 'পুশ-আউট' করে দেওয়া হয়েছিল প্রতিবেশী দেশে। তিনি ভারতে ফিরে আসতে পেরেছিলেন, বাড়ির ছাদে বসে কয়েক মাস আগে জানিয়েছিলেন তার অভিজ্ঞতার কথা। দিন কয়েক আগে তাদের এলাকাতেই আবারও ফিরে গিয়েছিলাম। তার স্ত্রী জানালেন যে, তাদের পরিবারের সকলেরই নাম ভোটার তালিকায় উঠেছে। তার বাড়ি থেকে কিছুটা দূরের বাসিন্দা আওয়াল শেখকে জোর করে বাংলাদেশে পাঠানো না হলেও, প্রায় এক বছর আটক থাকতে হয়েছিল তামিলনাড়ুর এক 'ডিটেনশন সেন্টারে', আরও অনেক কথিত বাংলাদেশিদের সঙ্গে।

বাংলাদেশিদের 'ডিটেনশন সেন্টারে' এক বছর আটক

ভগবানগোলা বিধানসভা আসন এলাকার যুবক আওয়াল শেখ গত বছরের রমজান মাসের পরে তামিলনাড়ুর কুড্ডালোরে গিয়েছিলেন রাজমিস্ত্রীর কাজ করতে। যে বাসায় আরও কয়েকজনের সঙ্গে তিনি ভাড়া থাকতেন, সেখানেই একদিন হাজির হয় পুলিশ। তাকে-সহ আরও কয়েকজনকে থানায় নিয়ে যাওয়া হয়। "থানা থেকে আমাকে বলে বাড়িতে ফোন করে নথিপত্র আনাও, যাচাই করা হবে। সেই অনুযায়ী বাবা এখানকার থানায় গিয়ে সব পরিচয়পত্র জমা দেয়, সেগুলো তামিলনাড়ুর থানায় পাঠায় এখানকার পুলিশ, তবুও তাদের সন্দেহ যায়নি," বলছিলেন আওয়াল শেখ। পুলিশ বাকিদের সঙ্গেই মি. শেখকেও জেলে পাঠিয়ে দেয়। সেই ঘটনা জানাতে গিয়ে তিনি বলছিলেন, "জেলেই একজন উকিল আমার সঙ্গে দেখা করে বলে যে, সব নথিপত্র ঠিকই আছে, আমার জামিন করিয়ে দেবেন তিনি, ৩৫ হাজার টাকা খরচ লাগবে। এখান থেকে আমার বাবা আরও ক'জন টাকা পয়সা নিয়ে গিয়েছিল। কোর্টে জামিন হয়েও যায়। সন্ধ্যায় ছেড়ে দেওয়ার জন্য আমার ডাক পড়ে জেলের গেটে। জেল থেকে ছাড়ার আগে হাতে যে স্ট্যাম্প দেয়, সেটাও দিয়ে দিয়েছিল। হঠাৎই জেলার বলে একে তো ছাড়া যাবে না, বাংলাদেশি মামলা আছে। আমাকে ফেরত নিয়ে যায়।" "এরপরে রাতে পুলিশ এসে আমাকে থিরুচির বন্দি শিবিরে নিয়ে যায়। সেখানে আবার আমাকে নিতে অস্বীকার করে, বলে যে একে বাংলাদেশিদের জন্য আটক কী করে রাখা যাবে, আদালত তো ভারতীয় বলে জামিন দিয়েছে। পুলিশরাই সব ফোনাফুনি করে রাত ২টায় আমাকে ক্যাম্পে ঢোকায়," বলছিলেন আওয়াল শেখ। "ছেলেকে জামিন দেবে বলে এখান থেকে আমরা তিনজন জেলের সামনে রাত পর্যন্ত দাঁড়িয়ে ছিলাম। পরে শুনি যে, ওকে ছাড়বে না," বলছিলেন আওয়াল শেখের বাবা মোজাম্মেল হক। তার মা উর্মিলা বিবি বলছিলেন, "হেন জায়গা নেই, যার কাছে ছেলেকে ছাড়িয়ে আনার জন্য আমরা দরবার করিনি। মুখ্যমন্ত্রীর হেল্পলাইন থেকে শুরু করে স্থানীয় এমএলএ, থানা, কোথায় না গেছি! অন্তত চার বস্তা জেরক্স করিয়েছি।"

পরিযায়ী শ্রমিক মঞ্চের রাজ্য সাধারণ সম্পাদক আসিফ ফারুক বলছিলেন, "আওয়াল শেখকে বাংলাদেশে পুশ-আউট করা প্রায় নিশ্চিত হয়ে গিয়েছিল। তাকে আটক করার অনেক পরে আমরা বিষয়টি জানতে পারি। এরপরে দ্রুত চেন্নাইতে আমাদের যোগাযোগ ব্যবহার করে মামলাটি হাইকোর্টে তোলার ব্যবস্থা করা হয়। সেখানেই রায় পাওয়া যায় যে, সে ভারতীয় নাগরিক।" "ছেলেকে ছাড়িয়ে আনতে গিয়ে আমরা নিঃস্ব হয়ে গেছি। প্রায় ৯৫ হাজার টাকা খরচ হয়েছে, কানের দুল, চুড়ি সব বিক্রি করতে হয়েছে। তবে ছেলে আমরা ঘরে ফিরেছে ক'দিন হলো," বলছিলেন উর্মিলা বিবি। "এখন ভোট অবধি বাড়িতে থাকব, তারপরে আবার কোথাও কাজে যেতেই হবে। এত টাকা দেনা হয়ে গেছে, কাজ করতে যেতে তো হবে। তবে তামিলনাড়ু হয়ত যাব না, অন্য কোথাও যাব," বলছিলেন আওয়াল শেখ।

'দেশের জন্য যুদ্ধ করেছি, তবুও আমি বাদ?'

ভারতীয় সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত হাবিলদার দাউদ আলি বলছিলেন, ভারত-পাকিস্তানের মধ্যে ১৯৯৯ সালে কারগিল যুদ্ধ শুরুর দিন পাঁচেক পরে গোলা বারুদ নিয়ে ফরোয়ার্ড পোস্টের দিকে গাড়িতে করে যাওয়ার সময় আহত হন তিনি। "হঠাৎই পাকিস্তানের ছোঁড়া একটা ১২০ মিমি মর্টার এসে পড়ে। স্প্লিন্টারের আঘাত লাগে পায়ে, আর কপালে," বলছিলেন মা. আলি। মাথাটা সামান্য ঝুঁকিয়ে দেখাচ্ছিলেন কপাল থেকে শুরু হয়ে মাথার প্রায় ব্রহ্মতালু পর্যন্ত ২৮টা

সেলাইয়ের দাগ এখনো স্পষ্ট রয়েছে। ওই আঘাত পাওয়ার পরে শারীরিক কারণে তাকে চাকরি থেকে সসম্মানে অবসর দেয় সেনাবাহিনী। এখনো হাঁটতে সমস্যা হয় তার। "বছর দশেক বসেই ছিলাম, তারপরে ২০১৪ সালে সেনাবাহিনীর কোটায় রেলে চাকরি পাই। ৬০ বছর বয়সে ২০২৩ সালে আমি অবসর নিই," জানাচ্ছিলেন দাউদ আলি। এসআইআর প্রক্রিয়ায় তার এবং তার তিন ছেলে মেয়ের নাম বিবেচনাধীনের তালিকায় ছিল, ডাক পড়েছিল শুনানিতে। তিনি বলছিলেন, "পরিচয়পত্র হিসেবে আমার পাসপোর্ট, সেনাবাহিনীর 'ডিসচার্জ বুক', সেনাবাহিনীর পরিচয়পত্র, পেনশনের নথি- যাবতীয় তথ্য জমা দিয়েছিলাম। তবুও আমার আর তিন ছেলে মেয়ের নাম বাদ পড়ল। অথচ আমার দুই ভাইয়ের নাম উঠেছে, বাবা-মায়ের একই পরিচয়, ওরাও যা দিয়েছে, আমিও তাই দিয়েছি।" "আমার গর্ব ছিল যে, দেশের জন্য যুদ্ধ করেছি। তবুও আমার নাগরিকত্ব নিয়ে প্রশ্ন উঠে গেল! রাগ নেই, তবে দুঃখ তো হয়েই!" বলছিলেন অবসরপ্রাপ্ত এই সেনা সদস্য।

বাংলাদেশি সন্দেহে অত্যাচার বাড়ার আশঙ্কা

আওয়াল শেখের মতো লাখ লাখ মানুষকে মুর্শিদাবাদ বা মালদা জেলা থেকে রাজ্যের বাইরে কোথাও কাজে যেতেই হবে, না হলে যে তাদের সংসার চলবে না। আওয়াল শেখ কিছুটা নিশ্চিন্ত কারণ তার নাম ভোটার তালিকায় উঠেছে, আবার তিনি যে ভারতীয়, সে তথ্য নিশ্চিত করেছে ম্যাড্রাস হাইকোর্ট। তবে ওই এলাকারই জহরুল শেখ বা পাশের বিধানসভা আসন লালগোলার অন্তর্গত দেবীপুর গ্রামের বাসিন্দা হালিম শেখ, কাউসার আলি, হাফিজুর রহমান, করিম শেখদের মতো যারা অন্য রাজ্যে কাজে যান, তাদের আশঙ্কা, পরিচয়পত্র থাকার পরেও বছর খানেক ধরে যে-রকম হয়রানি হয়েছে তাদের ওপরে, এখন ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়ার পরে তো সরাসরি 'বাংলাদেশি' বলে চিহ্নিত করা হতে পারে। পরিযায়ী শ্রমিক মঞ্চের রাজ্য সাধারণ সম্পাদক আসিফ ফারুক বলছিলে, "নাম বাদ পড়া মানেই শুধু ভোটাধিকার হারানো নয় এটি নাগরিকত্বের উপরও প্রশ্নচিহ্ন তৈরি করছে। আরও উদ্বেগজনক বিষয় হলো, বিজেপি-শাসিত রাজ্যে বাংলা ভাষা বিদ্বেষীরা তাদের নিশ্চিতভাবে 'বাংলাদেশি' তকমা দিয়ে দাগিয়ে দেওয়া হচ্ছে, যা তাদের সামাজিক ও পেশাগত জীবনে গভীর প্রভাব ফেলছে। কর্মস্থলে কাজ পেতে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে, কারণ বারবার প্রমাণ করতে হচ্ছে, তারা ভারতীয় নাগরিক। কারণ তাদের এপিক কার্ড এই মুহূর্তে বাতিল হয়ে গেছে।" "ভবিষ্যতে তাদেরও হয়ত আরো আইনি জটিলতায় জড়িয়ে পড়তে হতে পারে। এই ভয় তাদের সামাজিক নিরাপত্তা ও মানসিক স্থিতিশীলতার উপর নেতিবাচক প্রভাব ফেলছে," বলছিলেন মি. ফারুক।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৪.২০২৬ আলী আহমেদ)

ইরান কেন বাংলাদেশি জাহাজকে হরমুজ প্রণালি পার হতে দিচ্ছে না

মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাথে যুদ্ধের জের ধরে হরমুজ প্রণালি কঠোরভাবে নিয়ন্ত্রণ করছে ইরান। দেশটির ইসলামিক বিপ্লবী গার্ড কোর (আইআরজিসি) এর অনুমতি না পেয়ে হরমুজ প্রণালি অতিক্রম করতে পারছে না বাংলাদেশের পতাকাবাহী জাহাজ 'বাংলার জয়যাত্রা'। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান রোববার রাতে তুরস্কে এক বৈঠকে ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী সাঈদ খাতিবজাদহকে জাহাজটির হরমুজ প্রণালি নিরাপদে পার হতে সহায়তার অনুরোধ করেছেন বলে পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে। এদিকে, ক্যামেন আইল্যান্ডের পতাকাবাহী একটি জাহাজ সৌদি আরবের জুয়াইমাহ টার্মিনাল থেকে অ্যারাবিয়ান লাইট ক্রুড ওয়েল নিয়ে চট্টগ্রামে আসার কথা থাকলেও, ইরানের অনুমতি না পাওয়ায়, সেটিও আসতে পারেনি বলে জানা গেছে। যদিও গত পহেলা এপ্রিল ঢাকায় ইরানের রাষ্ট্রদূত হরমুজ প্রণালি পার হতে অনুমতির অপেক্ষায় থাকা বাংলাদেশি জাহাজকে সহায়তার কথা বলেছিলেন। এর আগে, মার্চ মাসের শেষ সপ্তাহে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনে সাক্ষাৎকার দিয়ে বলেছিলেন যে, বাংলাদেশসহ ৬টি দেশের জাহাজ চলাচল করতে পারবে। এরপর দুই দফায় চেষ্টা করেও হরমুজ পার হতে ইরানি নৌ বাহিনী ও আইআরজিসির অনুমতি না পেয়ে ৩৭ হাজার টন সারসহ এখন সংযুক্ত আরব আমিরাতের একটি বন্দরের কাছে অবস্থান করছে বাংলার জয়যাত্রা।

বাংলাদেশ শিপিং করপোরেশন বা বিএসসির মালিকানায় থাকা এই জাহাজটি সিঙ্গাপুরভিত্তিক একটি প্রতিষ্ঠান ভাড়ায় নিয়ে পরিচালনা করছে। তবে এর নাবিকদের সবাই বাংলাদেশি। জাহাজটি হরমুজ প্রণালি পার হয়ে সার নিয়ে দক্ষিণ আফ্রিকার কেপটাউন ও ডারবানে যাওয়ার কথা ছিল। বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমোডর মাহমুদুল মালেক অবশ্য বিবিসি বাংলাকে বলেছেন যে, জাহাজটিকে হরমুজ পার করানোর জন্য ইরানের অনুমোদন পেতে কূটনৈতিক চ্যানেলে জোর তৎপরতা চলছে। কিন্তু প্রশ্ন উঠছে যে, মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হিসেবে বাংলাদেশের সাথে ইরানের ঐতিহাসিক সহযোগিতামূলক সম্পর্ক থাকার পরেও বাংলাদেশি জাহাজকে হরমুজ পার হতে ইরান কেন বাধা দিচ্ছে। এমন এক প্রশ্নের জবাবে সাবেক কূটনীতিক হুমায়ুন কবির বলছেন, কোনো দেশে আক্রমণ বাংলাদেশ সমর্থন করে না- এই নীতিই বাংলাদেশ সব সময় অনুসরণ করে আসছিল কিন্তু এবার সেভাবে হয়নি বলেই হয়ত বিভ্রান্তির অবকাশ তৈরি হয়েছে।

জয়যাত্রাকে ইরান বাধা দিচ্ছে কেন

ঢাকায় কূটনৈতিক সূত্রগুলো যে ধারণা দিচ্ছে তা হলো- ইরানে হামলার ঘটনা ও আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুর পর বাংলাদেশ সরকারের বিবৃতি তেহরানকে ক্ষুব্ধ করেছে, যা ঢাকায় ইরানের রাষ্ট্রদূত নিজেও বলেছেন। মূলত, এ কারণেই

ইরানের নৌ-বাহিনী হরমুজ পার হতে বাংলাদেশি জাহাজকে অনুমতি দিচ্ছে না বলেই মনে করা হচ্ছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ফেব্রুয়ারির শেষ সপ্তাহে ইরানে আক্রমণ করে এবং এতে নিহত হন দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি। এছাড়াও এই হামলায় ইরানের প্রতিরক্ষামন্ত্রী, সশস্ত্র বাহিনীর প্রধানসহ উচ্চ পর্যায়ের বেশ কয়েকজন নিহত হওয়ার খবর নিশ্চিত করে ইরান। জবাবে পাল্টা পদক্ষেপ হিসেবে ইরান সৌদি আরব, কাতার ও কুয়েতসহ উপসাগরীয় দেশগুলোতে 'মার্কিন স্বার্থ' লক্ষ্য করে হামলা চালায়। এ অবস্থার মধ্যেই পহেলা মার্চ রোববার বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় একটি বিবৃতি দেয়, যেখানে ইরানের পাল্টা হামলায় মধ্যপ্রাচ্যের 'কয়েকটি দেশের সার্বভৌমত্ব লঙ্ঘনের ঘটনা ঘটেছে' দাবি করে এর নিন্দা জানায় বাংলাদেশ সরকার। কিন্তু বাংলাদেশ সরকারের ওই বিবৃতিতে কোথাও যুক্তরাষ্ট্র বা ইসরায়েলের নামও উল্লেখ করা হয়নি। সেই সাথে ইরানে হামলার ঘটনায়ও কোনো নিন্দা জানানো হয়নি। এ নিয়ে দেশের ভেতরে তীব্র সমালোচনা দেখা দিলে ২ মার্চ পররাষ্ট্র মন্ত্রণালয় পাঁচ লাইনের আরেকটি বিবৃতি দিয়ে আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুকে আন্তর্জাতিক আইনের লঙ্ঘন উল্লেখ করে ইরানের 'ভ্রাতৃপ্রতিম' জনগণের প্রতি শোক প্রকাশ করে। ঢাকায় কূটনৈতিক সূত্রগুলো বলছে, বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের খামেনির মৃত্যুর বিষয়ে যথাযথ শোক না জানানো ও দূতাবাসে শোক বইতে কোনো কর্মকর্তা গিয়ে স্বাক্ষর না করার ঘটনা ইরানিদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া তৈরি করে। ঢাকায় ইরানের রাষ্ট্রদূত জালিল রাহিমী জাহানাবাদী বেসরকারি একটি টেলিভিশনকে দেওয়া সাক্ষাৎকারে নিজেই এ তথ্য জানিয়ে উষ্মা প্রকাশ করে বলেন যে, বাংলাদেশের বিবৃতিতে তেহরান সন্তুষ্ট নয়।

এছাড়া, পহেলা এপ্রিল দূতাবাসে এক সংবাদ সম্মেলনে ইরানে আমেরিকা ও ইসরায়েলের হামলার পর বাংলাদেশের দুই বিবৃতি নিয়ে ইরানের মনোকষ্টের বিষয়টি প্রকাশ্যেই তুলে ধরেন। তিনি বলেন, বাংলাদেশ যে বিবৃতি দিয়েছে, তাতে বাংলাদেশের অবস্থান স্পষ্ট করা হয়নি। এ সময় তিনি স্পেনের মতো ইউরোপীয় দেশ ও আমেরিকার ভেতরে জনগণের যুদ্ধবিরোধী মিছিল ও সমালোচনার উদাহরণ দেন। সে আলোকে তিনি বাংলাদেশও সুস্পষ্ট অবস্থান নিবে বলে আশা করেন। রাষ্ট্রদূত অবশ্য তখনও জানান যে, বাংলাদেশের জ্বালানিবাহী ছয়টি জাহাজকে হরমুজ প্রণালি পার হওয়ার অনুমতি দিয়েছে তেহরান। জালিল রাহিমী জাহানাবাদী বলেন, বাংলাদেশ জাতিসংঘ ও ওআইসির সদস্যরাষ্ট্র হিসেবে ইরানে আগ্রাসী শক্তির বিরুদ্ধে নিন্দা জানাতে পারত। এরপর পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান গত ৫ এপ্রিল ঢাকায় ইরানের রাষ্ট্রদূত জালিল রাহিমী জাহানাবাদীর সঙ্গে বৈঠক করে বাংলার জয়যাত্রাসহ আরেকটি বাংলাদেশগামী অপরিশোধিত তেলবাহী জাহাজের নিরাপদ যাত্রা নিশ্চিত করতে সহায়তা চান। রাষ্ট্রদূত জানান, এ বিষয়ে যথাযথ পর্যায়ে ইরানি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। কিন্তু এর পরেও দুই দফায় চেষ্টা করেও হরমুজ পার হতে পারেনি বাংলাদেশি পতাকাবাহী জাহাজটি। ফলে রোববার তুরস্কে ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রীর কাছে আবারও বিষয়টি উত্থাপন করলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রগুলো বলছে, মূলত যুদ্ধকেন্দ্রিক বাংলাদেশের অবস্থানটিই ইরানকে ক্ষুব্ধ করেছে, যা এখন সামাল দেওয়ার চেষ্টা হচ্ছে। সাবেক কূটনীতিক হুমায়ুন কবির বলছেন, পররাষ্ট্রনীতির একটা নৈতিক ভিত্তি থাকতে হয় এবং কোনো দেশ আক্রান্ত হোক বা আক্রমণের মুখে পড়লে, সেটা বাংলাদেশ সমর্থন করে না। "বাংলাদেশের কোনো বিষয়ে অবস্থান প্রকাশের ক্ষেত্রে এ দুটো বিষয় মনে রাখা জরুরি। এর ব্যত্যয় হলেই বাংলাদেশের অবস্থান নিয়ে প্রশ্ন উঠে। সব রাষ্ট্রেরই সার্বভৌমত্ব ও পারস্পরিক সম্মানকে গুরুত্ব দিতে হয়। এবার সেভাবে হয়নি বলেই হয়ত প্রশ্নটি উঠেছে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৪.২০২৬ আলী আহমেদ)

বাংলাদেশে তীব্র গরম- সর্বোচ্চ তাপমাত্রা কবে, কোথায়, কত ছিল?

বাংলাদেশে আগে এপ্রিল থেকে মে মাস পর্যন্ত তীব্র তাপপ্রবাহের সময় হলেও, নানা কারণে এখন তা দীর্ঘায়িত হতে দেখা যাচ্ছে। এমনকি অতীতে অক্টোবর নভেম্বর মাস থেকেই ঠান্ডা অনুভূত হতে শুরু করলেও এখন সেই চিত্র বদলে গেছে। এখন শুধু বৈশাখ বা জ্যৈষ্ঠ মাসে না শুধু, বর্ষার শেষে- সেপ্টেম্বর মাসেও দুপুরের তপ্ত রোদে চোখ ধাঁধিয়ে যায়, মরীচিকা দেখে ভ্রম হয়, বাইরে বেরোলেই গরম বাতাসের হলকা এসে মুখে পড়ে। অঞ্চলভেদে গরমের অনুভূতির তীব্রতা, অর্থাৎ কম-বেশি অবশ্যই রয়েছে। তবে এখনো এপ্রিল মে মাসকে তীব্র গরমের মাস বলে মনে করা হয়। এই ভূখণ্ডে সর্বোচ্চ তাপমাত্রা কবে, কোথায় রেকর্ড হয়েছিল কিংবা সর্বোচ্চ তাপমাত্রা মানেই কি সবচেয়ে বেশি গরম অনুভূত হওয়া?

সর্বোচ্চ তাপমাত্রা কবে, কোথায়, কত ছিল?

বর্তমানে দেশজুড়ে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের মোট ৪৮টি আবহাওয়া স্টেশন রয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের কাছে সেই ভারত-পাকিস্তান ভাগের সময় থেকে, অর্থাৎ ১৯৪৭ সাল থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড আছে। আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত এই পুরো সময়ের তাপমাত্রার রেকর্ড থেকে দেখা যায়, বাংলাদেশে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ১৯৭২ সালের ১৮ মে, রাজশাহীতে ৪৫ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস। এখন পর্যন্ত এটিই দেশের ইতিহাসে সর্বোচ্চ তাপমাত্রা। দ্বিতীয় সর্বোচ্চ তাপমাত্রাও রেকর্ড হয় রাজশাহীতেই, ১৯৮০ সালের এপ্রিলে, যা ছিল ৪৪ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস। তৃতীয় সর্বোচ্চ তাপমাত্রা ৪৪ ডিগ্রি সেলসিয়াস, যা রেকর্ড হয় বগুড়ায় ১৯৮৯ সালের এপ্রিলে। একই তাপমাত্রা পাওয়া যায় ঈশ্বরদীতে ১৯৭০ সালের মে মাসেও। এর পরের অবস্থানে রয়েছে ৪৩ দশমিক নয় ডিগ্রি সেলসিয়াস, যা ১৯৫৮ সালের মে মাসে বগুড়ায় রেকর্ড

করা হয়। এরপর ৪৩ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড হয় একাধিকবার, ১৯৬৩ সালের যশোরে, ১৯৮৫ সালের রাজশাহীতে এবং সর্বশেষ ২০২৪ সালে যশোরে। সবগুলোই এপ্রিলে।

এ ছাড়া, ২০২৪ সালের এপ্রিলে চুয়াডাঙ্গায় তাপমাত্রা ওঠে ৪৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, যা সাম্প্রতিক কয়েক দশকের মাঝে সর্বোচ্চ তাপমাত্রা। ওই একই মাত্রার তাপমাত্রা ১৯৮৯ সালের মে মাসে রাজশাহীতেও রেকর্ড করা হয়েছিল। এখন প্রশ্ন উঠছে যে, ওই বছরগুলোতে তাপমাত্রার পারদ এত উপরে উঠলো কেন? এর উত্তরে আবহাওয়াবিদ আবুল কালাম মল্লিক বলেন, তীব্র তাপমাত্রা থেকে বাঁচার উপায় হলো দমকা বাতাস-ঝড়ো হাওয়া। যে বছর এগুলো বেশি থাকে, সে বছর গরম নিয়ন্ত্রণে থাকে। "যে যে বছরগুলোতে তাপমাত্রা বেশি রেকর্ড হয়েছে, ওই বছর কালবৈশাখি ঝড় কম হয়েছিল, অথবা দিল্লি, উত্তরপ্রদেশ, পশ্চিমবঙ্গে হয়ত বেশি তাপমাত্রা ছিল এবং সেখান থেকে হয়ত বাংলাদেশে লু হাওয়ার অনুপ্রবেশ ছিল," ব্যাখ্যা করেন মি. মল্লিক। তবে এটি নিশ্চিত করে বলা যাবে না, ওই স্থানগুলোর বাইরে অন্য কোথাও সর্বোচ্চ তাপমাত্রা ছিল না। কারণ দেশের প্রতিটি স্থানের তাপমাত্রা পরিমাপ করার মতো স্টেশন ছিল না বা এখনও নেই। যে-সব স্থানে গাছপালা কম, কারখানা বা ইটভাটা বেশি, ঘনবসতিপূর্ণ এলাকা, ডিজেলচালিত যানবাহন চলে, সেগুলোতে স্টেশন না থাকলেও, সেসব স্থানের তাপমাত্রা বেশি হতে পারে। এ বিষয়ে আবহাওয়াবিদ আবুল কালাম মল্লিক, "আসল চিত্রটা কী, আমরা তা নিশ্চিতভাবে বলতে পারি না। তবে সমতলের একটি স্টেশনের এরিয়া কাভারেজ সাধারণ ১৮-২০ কিলোমিটার। পাহাড়ি এলাকার স্টেশনের এরিয়া কাভারেজ আবার ৮-১০ কিলোমিটার।"

**দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অসহনীয় তাপমাত্রা, কেন?**

এই ভূখণ্ডের তাপমাত্রার রেকর্ড থেকে এটি স্পষ্ট যে, ঘুরে-ফিরে মাত্র কয়েকটি স্থানেই সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড হয়েছে। তা হলো- রাজশাহী, চুয়াডাঙ্গা, যশোর, বগুড়া ও ঈশ্বরদী। এমনিতেও বাংলাদেশের উষ্ণতম জেলা হিসেবে রাজশাহীর পরিচিতি আছে। তবে এই তালিকায় বাংলাদেশের পশ্চিমাঞ্চলের খুলনা বিভাগের জেলা চুয়াডাঙ্গার উপস্থিতিও বিশেষভাবে লক্ষণীয়। ওই ১০টির বাইরে ১৯৯৫ সালের পহেলা মে বাংলাদেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ৪৩ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস। ওই বছরের ২৫ এপ্রিল তাপমাত্রা রেকর্ড করা হয় ৪৩ ডিগ্রি। আর এই দুটি শীর্ষ তাপমাত্রাই পাওয়া গিয়েছিল চুয়াডাঙ্গাতেই। সর্বোচ্চ ১০-এ না থাকলেও ১৯৮৯ সালেও একবার ৪৩ ডিগ্রি ছাড়িয়েছিল জেলাটির তাপমাত্রা। ওই বছরের ৪ মে-তেও চুয়াডাঙ্গার তাপমাত্রা ৪৩ দশমিক তিন ডিগ্রি রেকর্ড করা হয়। মূলত, ভৌগোলিক বৈশিষ্ট্যের কারণে বছরের এই সময়ে চুয়াডাঙ্গাসহ বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাগুলোতে বরাবরই অসহনীয় তাপমাত্রা বিরাজ করে। আবহাওয়াবিদ একেএম নাজমুল হক এ প্রসঙ্গে বিবিসি বাংলাকে বলেছিলেন, বাংলাদেশে এপ্রিল হচ্ছে সর্বোচ্চ গরম মাস। এই সময়ে পৃথিবী সূর্য থেকে লম্বালম্বিভাবে রশ্মি বা কিরণ পায়। সহজ করে বলতে গেলে, এপ্রিল মাসে সূর্য থেকে বাংলাদেশের অবস্থান অন্য সময়ের তুলনায় সবচেয়ে কাছাকাছি থাকে, যার কারণে সূর্যের তাপ বেশিই পরে এই অঞ্চলে। তার ব্যাখ্যায় চুয়াডাঙ্গাসহ যশোর, মেহেরপুর, খুলনা অঞ্চলে বিস্তৃত সমভূমি রয়েছে। এছাড়া, এই অঞ্চলের পশ্চিমে অবস্থিত পশ্চিমবঙ্গ। সেখানেও বিশাল এলাকা জুড়ে সমভূমি। ফলে তাপমাত্রা প্রবাহের তিনটি পদ্ধতি রয়েছে- পরিবহণ, পরিচলন এবং বিকিরণ- সমভূমি হওয়ার কারণে ওই অঞ্চলগুলো দিয়ে পরিবহণ পদ্ধতিতে তাপ প্রবাহিত হয়। ফলে সরাসরি তাপ লাগে এবং পুরো অঞ্চলের তাপমাত্রা বেশি থাকে। দ্বিতীয়ত, চুয়াডাঙ্গা অঞ্চলের দক্ষিণ-পশ্চিম দিয়ে জলীয় বাষ্প প্রবেশ করায় তাপমাত্রা বাড়ে।

আবহাওয়াবিদ মি. হক বলেন, বঙ্গোপসাগরের পশ্চিমঘাট হচ্ছে খুলনা, চুয়াডাঙ্গা অঞ্চল। আর বঙ্গোপসাগর হচ্ছে জলীয় বাষ্পের উৎস। বঙ্গোপসাগর থেকে জলীয়বাষ্প এই অঞ্চল দিয়ে প্রবেশ করে বলে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ অন্যান্য এলাকার তুলনায় এই এলাকায় বেশি থাকে। ফলে তাপমাত্রাও বেশি থাকে। তৃতীয় এবং সবচেয়ে বড়ো কারণ হচ্ছে সূর্য থেকে চুয়াডাঙ্গার অবস্থান বা সোলার পজিশন। সূর্যের উত্তরায়নের কারণে তাপমাত্রা বাড়ে। মি. হক বলেন, পৃথিবী সাড়ে ২৩ ডিগ্রি কোণে সূর্যকে কেন্দ্র করে ঘুরছে। ফলে ২১ মার্চের পর থেকে ২১ জুন পর্যন্ত উত্তর মেরুতে সবচেয়ে বেশি সূর্যের তাপ পৌঁছায়। আর বাংলাদেশ যেহেতু ২২ ডিগ্রি থেকে ২৬ ডিগ্রি এরকম অবস্থানে আছে এবং কেন্দ্র রয়েছে ২৩ ডিগ্রির কাছাকাছি। "ফলে সূর্যের যে সর্বোচ্চ কিরণ, সেটা কিন্তু পড়ে এই সব অঞ্চলে," বলেন তিনি।

**তাপমাত্রা বেশি হওয়া মানেই কি বেশি গরম?**

তবে, কোনো স্থানে তাপপ্রবাহ কিংবা সর্বোচ্চ তাপমাত্রা বিরাজ করলেই যে সেখানে গরমের অনুভূতিও তীব্র হবে, বিষয়টি কিন্তু এমন না। তাপমাত্রা কম হলেও গরম বেশি লাগতে পারে। কারণ, গরমের অনুভূতির ক্ষেত্রে বাতাসের বেগ ও জলীয় বাষ্প হলো সবচেয়ে বড়ো ফ্যাক্টর, বিবিসি বাংলাকে বলছিলেন আবহাওয়াবিদ আবুল কালাম মল্লিক। "বাতাসে জলীয় বাষ্প কম থাকলে এবং বাতাস যদি প্রবাহিত হয়, তখন সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড হলেও, গরমের অনুভূতি কম থাকে। কিন্তু আপমাত্রা যদি অনেক কমও থাকে, কিন্তু বাতাস না থাকে আর বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি হয়, তখন মনে হয় গরমে নাভিশ্বাস উঠছে।" উদাহরণ হিসেবে তিনি বলেন, ২০২৪ সালে ৭৬ বছরের রেকর্ড ভেঙ্গে বাংলাদেশে ১ এপ্রিল থেকে ৫ মে পর্যন্ত টানা ৩৫ দিন তাপপ্রবাহ ছিল। ওই সময় চুয়াডাঙ্গা বা রাজশাহীতে গরমের অনুভূতি অত বেশি ছিল না। কারণ সেখানে জলীয় বাষ্প কম ছিল এবং বাতাস ছিল। ওই ধরনের আবহাওয়ায় গরম লাগলেও অস্বস্তি লাগবে না উল্লেখ করে তিনি আরও বলেন, "এইজন্য উপকূলীয় অঞ্চলে পটুয়াখালী,

বরিশাল, বরগুনা, কক্সবাজারে তাপমাত্রা কম থাকলেও গরমের অনুভূতি প্রচণ্ড। কারণ এগুলো সাগড়ের পাড়ে, তাই সেখানে জলীয় বাষ্পের জোগান বেশি। এজন্য তারা বেশি ঘামে, স্যাঁতসেঁতে অবস্থায় থাকে, খুব অস্বস্তিতে ভোগে।" ক্ষমতা কমে গেছে। যেমন, কেউ যখন শীতাতপ নিয়ন্ত্রিত পরিবেশ থেকে বের হয়, তখন অনেক বেশি গরম লাগে।

কিছু এলাকায় তাপমাত্রা সহনীয়, কারণ কী?

বাংলাদেশের ময়মনসিংহ ও সিলেটের মতো কিছু অঞ্চলে গরমকালেও তাপমাত্রা সহনীয় থাকে। এর কারণ হলো- এগুলোর বিস্তীর্ণ হাওর কিংবা সুউচ্চ পাহাড়। ময়মনসিংহ এলাকায় হাওড়ের মতো বিশাল জলাধার আছে। তাছাড়া, পাহাড়ের পাদদেশে হওয়ায় ওখানে মাঝে মাঝে বৃষ্টিপাত হয়। তাই তাপমাত্রা কম। চট্টগ্রাম ও সিলেটে নিয়মিত বৃষ্টি হওয়ায় গরম কম অনুভূত হওয়ার এটা প্রধান কারণ। আর যদি বনাঞ্চলের হিসেব করা হয়, ওইসব অঞ্চলে বনায়ন বেশি এবং আশেপাশে জলাধার আছে। "বঙ্গোপসাগর থেকে যে জলীয় বাষ্প বাংলাদেশে প্রবেশ করে, সেটা পাহাড়ি এলাকায় বাধাপ্রাপ্ত হয়। তখন ওই জলীয়বাষ্প সমৃদ্ধ বাতাসের ঊর্ধ্বগমন ঘটে বা উপরের দিকে যায়। তারপর, ওই বাতাসের ভেতরে যে পানির কণা থাকে, তা ঘনীভূত হয়ে মেঘ তৈরি করে। মেঘ তৈরির পর তা পাহাড়ের সম্মুখভাগে বৃষ্টিপাত ঘটায় ও তাপমাত্রা কমায়," বলেছিলেন ড. মল্লিক। তাছাড়া, পাহাড়ি অঞ্চলের আরেকটি বৈশিষ্ট্য হলো- "পাহাড়ের একদিকে সূর্যের আলো পড়লে অন্যদিকে ছায়া পড়ে। আর পাহাড়ের বাঁকে বাঁকে বাতাস প্রবাহিত হয়। দুই পাশের, মানে উত্তপ্ত বাতাস ও ঠান্ডা বাতাস মিশ্রিত হয়ে সেখানকার তাপমাত্রা একটু কম রাখে।"

তীব্র তাপপ্রবাহ কখন হয়?

আবহাওয়া অধিদপ্তরের হিসাব অনুযায়ী, কোনো এলাকায় যদি তাপমাত্রা ৪০ থেকে ৪২ ডিগ্রি সেলসিয়াস থাকে, তাহলে তাকে বলে তীব্র তাপপ্রবাহ। তাপমাত্রা যখন ৩৮ থেকে ৪০ ডিগ্রি সেলসিয়াস থাকে, তাকে বলে মাঝারি তাপপ্রবাহ এবং তাপমাত্রা ৩৬ থেকে ৩৮ ডিগ্রি সেলসিয়াস থাকলে সেটিকে মৃদু তাপপ্রবাহ বলে। বিশ্ব আবহাওয়া সংস্থার মতে, কোনো জায়গার দৈনিক যে গড় তাপমাত্রা, সেটি পাঁচ ডিগ্রি বেড়ে গেলে এবং পরপর পাঁচদিন তা চলমান থাকলে তাকে হিটওয়েভ বা তাপপ্রবাহ বলা হয়। অনেক দেশ এ সংজ্ঞা নিজের দেশের পরিস্থিতি অনুযায়ী ঠিক করে। তবে সার্বিকভাবে তাপমাত্রা ৩৫ ডিগ্রির ওপরে উঠলে শরীর নিজেকে ঠান্ডা করার যে প্রক্রিয়া, সেটি বন্ধ করে দেয়। যে কারণে এর বেশি তাপমাত্রা হলে তা যে-কোনো স্বাস্থ্যবান লোকের জন্য বিপজ্জনক হতে পারে। তাহলে চলতি বছরের গরমের সময়টা কেমন কাটবে? আবহয়াবিদরা বলছেন, এ বছরের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি থাকবে। তবে এপ্রিল মাসের তাপমাত্রা স্বাভাবিক থাকবে। "২০২২ থেকে ২০২৭ সাল বিশ্বব্যাপীই উষ্ণ থাকবে, বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। বাংলাদেশেও গরমের অনুভূতির তীব্রতা থাকবে। কিন্তু সেই তীব্রতা কোনোভাবেই ২০২৪ সালকে অতিক্রম করতে পারবে না। কারণ এ বছর কালবৈশাখি বেশি হবে। যখনই তাপ বাড়বে, তখনই বজ্রঝড় হয়ে সব ঠান্ডা হয়ে যাবে," বলেন আবহাওয়াবিদ আবুল কালাম মল্লিক। আবহাওয়াবিদরা ইঙ্গিত দিয়েছেন, এপ্রিল থেকে জুন মাসের মাঝে মোট ছয় থেকে আটটি তাপপ্রবাহ হতে পারে এবং এর মাঝে তিন থেকে চারটি হতে পারে তীব্র তাপপ্রবাহ।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৪.২০২৬ আলী আহমেদ)

জ্বালানি সংকটের কারণে মোবাইল নেটওয়ার্ক বন্ধ হওয়ার শঙ্কা, পরিস্থিতি কতখানি গুরুতর?

"মোবাইল নেটওয়ার্ক না থাকলে আমার জীবন কঠিন হয়ে উঠবে, কেননা আমি তো অনলাইনে ব্যবসা করেই সংসার চালাই। শুধু আমিই না, আমার মতো অনেক নারীই অনলাইনে ব্যবসা করে চলেন," কথাগুলো বলছিলেন জামালপুরের একজন ক্ষুদ্র পোশাক ব্যবসায়ী কাকলী আক্তার। মহামারি করোনার সময়ই মূলত অনলাইনে তার ব্যবসা জমে ওঠে বলে তিনি জানান। এর আগে, স্থানীয়ভাবে ছোটো একটি শোরুমে তার হাতের কাজের পোশাকের ব্যবসা সীমাবদ্ধ ছিল। মিজ আক্তার জানান, এরই মধ্যে লোডশেডিং-এর কারণে বিপাকে পড়েছেন। "কয়েক ঘণ্টা বিদ্যুৎ থাকে না দিনে। শোরুমের চাইতে অনলাইনে আমার অর্ডার বেশি হয়, এখন তো পড়ছি বিপদে, রিপ্লাই দিতে সময় লাগে। এখন যদি আবার মোবাইলের নেটওয়ার্ক একদমই না থাকে, তাইলে তো চলা টাফ হয়ে যাবে," বলেন মিজ আক্তার।

বাংলাদেশে কথা বলা বা টেলিফোন যোগাযোগের বাইরেও শুধু অনলাইন ব্যবসাই নয়, মোবাইল ব্যাংকিং, ই-কমার্স সেবাসহ অনেক সেবাই পুরোপুরি মোবাইল নেটওয়ার্কের ওপর ভিত্তি করে পরিচালিত হয়। এরই মধ্যে মাঠপর্যায়ের এমন পরিস্থিতিতে নিরবচ্ছিন্নভাবে মোবাইল সেবা সচল রাখা নিয়ে আশঙ্কা প্রকাশ করে সরকারের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানকে চিঠি দিয়েছে মোবাইল টেলিকম অপারেটরদের সংগঠন অ্যামটব। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন বা বিটিআরসিকে দেওয়া চিঠিতে বলা হয়েছে, দেশব্যাপী বিদ্যুৎ সরবরাহে মারাত্মক বিঘ্ন ও তীব্র জ্বালানি সংকটে মোবাইল নেটওয়ার্ক সচল রাখা কঠিন হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে সরকারের জরুরি হস্তক্ষেপ চেয়েছে সংগঠনটি। "টেলিকম নেটওয়ার্ক বন্ধ হয়ে গেলে জরুরি সেবা, দুর্যোগ মোকাবিলা, আইন-শৃঙ্খলা, টাকা লেনদেন, অনলাইনে সরকারি কাজ ও অর্থনৈতিক কার্যক্রম-সবকিছুই মারাত্মকভাবে ব্যাহত হবে", বলছে অ্যামটব। এদিকে, বিষয়টি গুরুত্ব সহকারে সরকার বিবেচনা করছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বিটিআরসির ভাইস-চেয়ারম্যান মো. আবু বকর ছিদ্দিক।

পরিস্থিতি ঠিক কতটা শঙ্কাজনক বা গুরুতর?

রাজধানী ঢাকায় মোবাইলে রাইড শেয়ারিং অ্যাপে গাড়ি চালান মো. শাহ আলম। মিরপুরের ইসিবিতে একটি গ্যাস ফিলিং স্টেশনে তার সাথে কথা হয়। বেশ বিরক্তি ও ক্ষোভ নিয়ে মি. আলম বলছিলেন, "সকালে লাইনে দাঁড়াইছি, সাড়ে দশ ঘণ্টা পর বাইকে তেল (অকটেন) পাইছি। এখন যদি কয় মোবাইলেও নেটওয়ার্ক পামু না, তাইলে খামু কী, বাইক চালায়াই তো সংসার চালাই, পোলাপাইন পালমু (ভরণপোষণ) ক্যামনে।" যুক্তরাষ্ট্র, ইসরায়েল, ইরান যুদ্ধে প্রতিশোধমূলক পদক্ষেপ হিসেবে ইরান হরমুজ প্রণালি বন্ধ করে দেয়। যার প্রভাব পড়ে পুরো বিশ্বে। কেননা বিশ্বজুড়ে জ্বালানি ও তেল পরিবহণের প্রধান জলপথ এই হরমুজ প্রণালি। হরমুজ প্রণালি বন্ধের প্রভাব বৈশ্বিক বাণিজ্যে পড়লে সংকট সমাধানে একেক দেশ একেক ধরনের পদক্ষেপ নেয়। যদিও বাংলাদেশের সরকার এখনো পর্যন্ত দেশে জ্বালানি সংকট নেই বলেই দাবি করছে। এরই মধ্যে জ্বালানি তেলের দামও বাড়িয়েছে সরকার। কিন্তু জ্বালানির সংকট নিয়ে বাস্তব পরিস্থিতি যে ভিন্ন, সেটি পোশাক ব্যবসায়ী কাকলী আক্তার এবং রাইড শেয়ারিং চালক মো. শাহ আলমের কথাতেই অনেকটা স্পষ্ট।

এদিকে, লোডশেডিংয়ের কারণে ডিজেল ও অকটেনের ব্যবহার বেড়েছে জানিয়ে শনিবার বিটিআরসিকে দেওয়া চিঠিতে বলা হয়েছে, গত কয়েকদিন ধরে কমার্শিয়াল গ্রিড থেকে বিদ্যুৎ না পাওয়ায় ডিজেলচালিত জেনারেটরের ওপর মোবাইল নেটওয়ার্ক অপারেটরদের নির্ভর করতে হচ্ছে। দেশের তিনটি বেসরকারি মোবাইল অপারেটর গ্রামীণ ফোন, রবি এবং বাংলা লিংকের টাওয়ার (বিটিএস) এবং ডেটা সেন্টার চালু রাখতে প্রতিদিন ৭৯ হাজার ৬২১ লিটার ডিজেল এবং ১৯ হাজার ৮৫৯ লিটার অকটেনের প্রয়োজনীয়তার কথা চিঠিতে জানিয়েছে অ্যামটব। লোডশেডিং-এর বিষয়ে চিঠিতে বলা হয়েছে, "ঝড়বৃষ্টির সময় অনেক এলাকায় প্রতিদিন গড়ে পাঁচ থেকে আট ঘণ্টা টানা বিদ্যুৎ থাকছে না এবং তা মেরামত করতে অনেক দেরি করছে কর্তৃপক্ষ। ফলে ডাটা সেন্টার, সুইচিং সুবিধা এবং ট্রান্সমিশন হাবের মতো টেলিযোগাযোগের মূল অবকাঠামোগুলি প্রায়ই গ্রিড বিদ্যুৎ ছাড়াই চলছে, যা পুরো নেটওয়ার্কের স্থিতিশীলতাকে মারাত্মক ঝুঁকির মুখে ফেলছে।" "দীর্ঘ সময় বিদ্যুৎ না থাকায় ডিজেল জেনারেটরের ওপর পুরোপুরি নির্ভর করতে হচ্ছে। টাওয়ারগুলোর (বিটিএস সাইটের) পাশাপাশি, ডেটা সেন্টারগুলোও জেনারেটরে চালাতে হচ্ছে। একেকটি ডেটা সেন্টারে ঘণ্টায় প্রায় ৫০০ থেকে ৬০০ লিটার ডিজেল প্রয়োজন হয়, যা প্রতিদিন প্রায় চার হাজার লিটারে গিয়ে দাঁড়ায়। স্থানীয় পেট্রোল পাম্পগুলো এত বিপুল পরিমাণ ডিজেল সরবরাহ করতে পারছে না" বলেও জানিয়েছে অ্যামটব। এ বিষয়ে কথা বলতে অ্যামটবের সাথে যোগাযোগ করলে একটি লিখিত বিবৃতি পাঠানো হয়।

অ্যামটবের মহাসচিব লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ জুলফিকার (অব.) বলেন, "বিদ্যুৎ বা জ্বালানি সরবরাহের কারণে মোবাইল অপারেটরদের ডাটা সেন্টার বন্ধ বা বাধাগ্রস্ত হলে এর প্রভাব খুব দ্রুত এবং ব্যাপকভাবে পুরো নেটওয়ার্কে ছড়িয়ে পড়তে পারে।" ডাটা সেন্টার বন্ধ হলে পুরো নেটওয়ার্কই বন্ধ হয়ে যায় উল্লেখ করে তিনি বলেন, "অপারেটরদের ব্যাকআপ থাকে কিন্তু যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তাতে কতটুকু ব্যাকআপ দেওয়া সম্ভব হবে, তা নিয়েও সন্দেহ আছে। আমাদের মনে রাখতে হবে, ডাটা সেন্টারই নেটওয়ার্ক অবকাঠামোর "মস্তিষ্ক" এটা বন্ধ মানে সমগ্র নেটওয়ার্ক বন্ধ হয়ে যাওয়া।"

বিষয়টি 'দ্রুত সলভ হয়ে যাবে', বলছে বিটিআরসি

পরিস্থিতি বিবেচনায় মোবাইল অপারেটরদের সংগঠন অ্যামটব একটি উচ্চ পর্যায়ের সভা করাসহ বেশ কিছু প্রস্তাব দিয়েছে। এর মধ্যে রয়েছে, প্রধান ডেটা সেন্টার ও গুরুত্বপূর্ণ স্থাপনায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা, প্রয়োজনে ডিপো থেকে সরাসরি জরুরি ভিত্তিতে জ্বালানি সরবরাহের ব্যবস্থা করার প্রস্তাবও দিয়েছে সংগঠনটি। এদিকে, এই সংকট 'নলেজে বা জানা আছে' বলে জানিয়েছে মোবাইল অপারেটরদের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান বিটিআরসি। সমস্যা সমাধানে এরই মধ্যে সরকারের বিভিন্ন পর্যায়ে বৈঠক আয়োজন ও চিঠি চালাচালির কথা জানিয়েছেন বিটিআরসির ভাইস-চেয়ারম্যান মো. আবু বকর ছিদ্দিক। মি. ছিদ্দিক বলেন, "এটা মূলত চেয়ারম্যানের নেতৃত্বে একটা মিটিং গতকাল হয়েছে বা আজকে হবে। মন্ত্রী পর্যায়ে হচ্ছে.... মোবাইল অপারেটরদের সমস্যাগুলো যাতে ইয়ে (সমাধান) করা যায়, সচিবও জ্বালানি মন্ত্রণালয়ে চিঠি দিয়েছে, সো ফার আই নো। ইনশাল্লাহ এটা সলভ হয়ে যাবে দ্রুত। বিষয়টা দেখা হচ্ছে ওইভাবে।" এই বিষয়টি সরকারের নজরে রয়েছে উল্লেখ করে মি. ছিদ্দিক বলেন, "দিস ইজ টেকেন কেয়ার অফ, সংকট সমাধানে উদ্যোগ নেওয়া হচ্ছে, বিষয়টি চলমান। বিষয়টা আমাদের নলেজে আছে, যেহেতু বিষয়টা জরুরি সেজন্য এ বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছে।" (বিবিসি ওয়েব পেজ : ২১.০৪.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি দিয়ে স্বাভাবিক নৌ চলাচল বজায় রাখা উচিত : চীনের প্রেসিডেন্ট

চীনের প্রেসিডেন্ট শি জিনপিং বলেছেন, হরমুজ প্রণালি দিয়ে "স্বাভাবিক নৌ চলাচল" বজায় রাখা উচিত। সোমবার সৌদি আরবের যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে টেলিফোনে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরান যুদ্ধের কারণে শুরুতে সফরটি বিলম্বিত হলেও, আগামী মে মাসে চীনে ট্রাম্প ও শি- এই দুই প্রেসিডেন্টের বৈঠক হওয়ার কথা রয়েছে।(বিবিসি ওয়েব পেজঃ ২১.০৪.২০২৬ এলিনা)

## চুক্তি করা ছাড়া ইরানের কাছে আর কোনো উপায় নেই : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, "ইরানের আর কোনো উপায় নেই। তাদেরকে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনার জন্য পাকিস্তানে প্রতিনিধি পাঠাতেই হবে।" সিএনবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, তিনি নিশ্চিত যে, যুক্তরাষ্ট্র শেষ পর্যন্ত দারুণ একটি চুক্তিতে পৌঁছাতে পারবে। তার কাছে প্রশ্ন করা হয়েছিল যুদ্ধবিরতি আরো বাড়ানো হবে কী-না? জবাবে ট্রাম্প বলেছেন, "আমরা খুব কঠোর অবস্থানে আছি। এই যুদ্ধবিরতির মেয়াদ আর বাড়বে না, যদি চুক্তি না হয়।" পরে ট্রাম্প বলেন, "আমি মনে করি বোমা হামলা হবে, কারণ সেটাই হবে ভালো দৃষ্টিভঙ্গি।" তিনি আরও বলেন, "চুক্তি করার জন্য হাতে বেশি সময় নেই। ইরান যদি যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তিতে পৌঁছায়, তবে তারা খুব ভালো থাকবে।" কিছুক্ষণ আগে ট্রাম্প তার সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো নির্দিষ্ট ঘটনার উল্লেখ না করেই আবারও ইরানের বিরুদ্ধে বারবার যুদ্ধবিরতি লঙ্ঘনের অভিযোগ করেছেন। এদিকে, ইসলামাবাদে শান্তি আলোচনায় অংশগ্রহণের বিষয়ে ইরান এখনো কোনো সিদ্ধান্ত জানায়নি। তবে, ইরানের পার্লামেন্টের স্পিকার এবং ইরানি আলোচক দলের প্রধান মোহাম্মদ বাঘের গালিবাফ জোর দিয়ে বলেছেন যে, আমরা হুমকির কাছে মাথা নত করবো না। (বিবিসি ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ রুবাইয়া)

## আটক জাহাজটি দ্রুত ছেড়ে দিতে যুক্তরাষ্ট্রের প্রতি ইরানের আহ্বান

ইরানের পতাকাবাহী বাণিজ্যিক জাহাজ 'তুসকা' যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর জব্দ করার ঘটনাকে "কঠোর ভাষায়" নিন্দা জানিয়েছে ইরান। আজ ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ পদক্ষেপকে "অবৈধ" ও "সন্ত্রাসমূলক" পদক্ষেপ বলে উল্লেখ করা হয়। এতে বলা হয়, জাহাজটির নাবিকদের পাশাপাশি তাদের পরিবারগুলোকেও আটক রাখা হয়েছে। তেহরান এ ঘটনাকে আন্তর্জাতিক আইন ও সাম্প্রতিক যুদ্ধবিরতির লঙ্ঘন বলে উল্লেখ করে জাহাজটি ও এর নাবিকদের "তাৎক্ষণিক মুক্তি" দাবি করেছে। ওমান সাগরে ইরানি জাহাজটি জব্দ করার পর যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী এর আগে জানায়, নাবিকেরা "ছয় ঘণ্টা ধরে একাধিক সতর্কবার্তা উপেক্ষা" করেছিলেন। তারা আরও জানায়, ডেস্ট্রয়ার স্প্রুয়েন্স জাহাজটিকে "ইঞ্জিন কক্ষ খালি করার নির্দেশ" দেয় এবং পরে একাধিক কামানের গোলা ছুড়ে 'তুসকা' জাহাজটির ইঞ্জিন কক্ষ অচল করে দেয়। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় এ পদক্ষেপের "অত্যন্ত বিপজ্জনক পরিণতি" হতে পারে বলে সতর্ক করেছে এবং জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতি এর নিন্দা জানানোর আহ্বান জানিয়েছে। এর আগেও জাহাজটি জব্দের ঘটনায় প্রতিক্রিয়া জানিয়ে ইরানের শীর্ষ কর্মকর্তারা এ ধরনের বক্তব্য দিয়েছেন। ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে কোনো চুক্তি না হওয়া পর্যন্ত যুক্তরাষ্ট্র ইরানি বন্দরগুলোর ওপর নৌ অবরোধ তুলে নেবে না।(বিবিসি ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ এলিনা)

## ইরানি কোনো প্রতিনিধি দল এখনো ইসলামাবাদে পৌঁছেনি : রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম

ইরানের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম তাদের টেলিগ্রাম চ্যানেলে এক পোস্টে জানিয়েছে, "এখন পর্যন্ত ইরান থেকে কোনো প্রতিনিধি দল ইসলামাবাদে যায়নি। না মূল বা উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল, না গৌণ বা ছোটো দল, না প্রাথমিক কোনো দল, না পরবর্তী বা ফলোআপ কোনো দল সেখানে গেছে।" বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক গণমাধ্যমে ইরানের প্রতিনিধি দলের ইসলামাবাদে রওয়ানা হওয়া, পৌঁছানো বা সম্ভাব্য আগমনের তারিখ নিয়ে যে-সব খবর প্রকাশ হয়েছে, সেগুলোকে "গুজব" বলা হয়েছে পোস্টটিতে। এতে ইরানের কর্মকর্তাদের পূর্বের অবস্থানকেই পুনর্ব্যক্ত করা হয়েছে, যার মধ্যে পার্লামেন্টের স্পিকার ও দেশটির প্রধান আলোচক মোহাম্মদ বাঘের কালিবাফের বক্তব্যও রয়েছে, তিনি বলেছিলেন, "হুমকির মুখে দাঁড়িয়ে" তেহরান কোনো আলোচনা গ্রহণ করবে না।
(বিবিসি ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনায় পাকিস্তানের ভূমিকায় চীনের 'পূর্ণ সমর্থন'

পাকিস্তানে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত জানিয়েছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তি আলোচনা এগিয়ে নিতে ইসলামাবাদের উদ্যোগের প্রতি বেইজিংয়ের "পূর্ণ সমর্থন" রয়েছে। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, আঞ্চলিক পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করা ইসহাক দার চীনের রাষ্ট্রদূত জিয়াং জাইদংয়ের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকে জাইদং যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যোগাযোগ সহজ করতে পাকিস্তানের অব্যাহত প্রচেষ্টার প্রশংসা করে বলেন, অঞ্চল ও এর বাইরে টেকসই শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করতে এটি সহায়ক হবে।(বিবিসি ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ এলিনা)

## মার্কিন অবরোধ ভেঙে দক্ষিণের বন্দরে ইরানি জাহাজ, দাবি ইরানি সেনাবাহিনীর

ইরানের সামরিক বাহিনী জানিয়েছে, একটি ইরানি তেল বহনকারী জাহাজ মার্কিন অবরোধ ভেঙে দেশের দক্ষিণাঞ্চলের একটি বন্দরে প্রবেশ করেছে। সেনবাহিনীর বিবৃতিতে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর সন্ত্রাসী সেনাদের বারংবার সতর্কবার্তা ও হুমকির পরেও, ইরানের সেনাবাহিনী ও নৌবাহিনীর সহায়তায় তেল বহনকারী জাহাজ সিলিকা সিটি আরব সাগর থেকে গতকাল রাতে ইরানের জলসীমায় প্রবেশ করেছে এবং কয়েক ঘণ্টা আগে দক্ষিণের একটি বন্দরে নোঙর করেছে। এ বিষয়ে যুক্তরাষ্ট্র কোনো মন্তব্য করেনি। অন্যদিকে, এই অঞ্চলে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর কেন্দ্রীয়

কমান্ড সেন্টকম গতকাল এক সংক্ষিপ্ত বিবৃতিতে জানিয়েছে, ইরানের বিরুদ্ধে নৌ অবরোধ শুরুর পর থেকে "মার্কিন বাহিনী ২৭টি জাহাজকে পথ পরিবর্তন করতে বা ইরানের বন্দরে ফিরে যেতে বাধ্য করেছে।"
(বিবিসি ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ এলিনা)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা নিয়ে মিশ্র সংকেত পাকিস্তানে

এনএইচকে প্রতিনিধিকে সোমবার একটি মার্কিন সূত্র জানিয়েছে যে, যুক্তরাষ্ট্রের আলোচকরা ইরানের সঙ্গে দ্বিতীয় দফা আলোচনার জন্য শীঘ্রই ইসলামাবাদে পৌঁছাবেন। তবে সেই আলোচনা আদৌ হবে কি না, তা এখনও স্পষ্ট নয়। কারণ তেহরান জানিয়েছে যে, তারা এতে অংশ নেবে না। হোয়াইট হাউসের একজন কর্মকর্তার মতে, ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স, বিশেষ দূত স্টিভ উইটকফ এবং প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার এই আলোচনায় অংশ নেবেন। নিউইয়র্ক টাইমস মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে, ভ্যান্স মঙ্গলবার পাকিস্তানের উদ্দেশ্যে রওয়ানা হবেন বলে আশা করা হচ্ছে। এদিকে ট্রাম্প, সংবাদমাধ্যম ব্লুমবার্গকে বলেছেন যে, "ওয়াশিংটন সময় অনুযায়ী, বুধবার সন্ধ্যায়" দুই সপ্তাহের যুদ্ধবিরতি শেষ হওয়ার আগে যদি কোনো চুক্তি না হয়, তবে তিনি যুদ্ধবিরতির মেয়াদ বাড়াবেন, এমন সম্ভাবনা "খুবই কম"। তিনি আরও বলেন, চুক্তি না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি অবরুদ্ধ থাকবে। ট্রাম্প বলেন, যদি কোনো চুক্তি না হয়, তবে তিনি 'নিশ্চিতভাবেই আশা করছেন' যে, যুদ্ধবিরতির সময়সীমা শেষ হওয়ার পরপরই যুদ্ধ আবার শুরু হবে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র আগেই ইঙ্গিত দিয়েছেন যে, তারা দ্বিতীয় দফার আলোচনায় অংশ নেবে না। ইসমাইল বাঘাই বলেছেন, "এই মুহূর্তে পরবর্তী দফার আলোচনা নিয়ে আমাদের কোনো পরিকল্পনা নেই এবং এ বিষয়ে কোনো সিদ্ধান্তও গ্রহণ করা হয়নি।" ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের সাথে সংশ্লিষ্ট ইরানের তাসনিম নিউজ এজেন্সি জানিয়েছে যে, মার্কিন নৌ অবরোধই হলো আলোচনার প্রধান বাধা। এতে আরও বলা হয়েছে যে, ইরান "সামরিক সংঘাত এবং যুক্তরাষ্ট্রকে আবারও শাস্তি দিতে প্রস্তুত।"(এনএইচকে ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

### ইউক্রেনের ড্রোন হামলায় রাশিয়ায় বাংলাদেশি যুবক নিহত

ইউক্রেনের ড্রোন হামলায় রাশিয়ায় অবস্থানরত এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। স্থানীয় জনপ্রতিনিধি ও পরিবারের সদস্যদের বরাত দিয়ে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানায়, নিহত যুবক রাশিয়ার সামরিক বাহিনীর কাজ করতেন। নিহত যুবকের নাম মুহিবুর রহমান। তার বাড়ি মৌলভীবাজার সদর উপজেলার আমতৈল ইউনিয়নের সম্পদপুর গ্রামে। আমতৈল ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য মো. ইকবাল আহমেদ পরিবারের দেওয়া তথ্যের ভিত্তিতে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, মুহিবুর প্রথমে উচ্চশিক্ষার জন্য মেক্সিকোতে গিয়েছিলেন। কিন্তু সেখানে ভিসা বাতিল হয়ে গেলে তিনি রাশিয়ায় চলে যান এবং গত কয়েক বছর ধরে সেখানেই বসবাস করছিলেন। মুহিবুরের ছোটো ভাই হাবিবুর রহমান জানান, তার ভাই পরিবারের সদস্যদের বলেছিলেন যে, তিনি রুশ সেনাবাহিনীর রাঁধুনি হিসেবে কাজ করতেন। গত বছর তিনি বাংলাদেশে ফিরে বিয়ে করেন এবং কিছুদিন পর আবার রাশিয়ায় চলে যান। হাবিবুর আরও জানান, রাশিয়ায় থাকা তার ভাইয়ের এক সহকর্মী মেহেদী হাসান পরিবারকে মৃত্যুর খবর জানিয়েছেন। মেহেদী জানান, প্রায় এক সপ্তাহ আগে একটি বাঙ্কারে ইউক্রেনের ড্রোন হামলায় মুহিবুর নিহত হন। স্থানীয় সূত্রগুলো জানিয়েছে, গত শুক্রবার পরিবার মৃত্যুর খবর পেলেও গতকাল রাতে বিষয়টি ব্যাপকভাবে জানাজানি হয়। প্রতিবেশীরাও মৃত্যুর খবরটি নিশ্চিত করেছেন। তবে ঠিক কবে বা কখন এই ঘটনা ঘটেছে, তা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি বলে জানিয়েছে দ্য ডেইলি স্টার। আমতৈল ইউপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. মোশাহিদ হোসেন বলেন, স্থানীয় জনপ্রতিনিধিদের কাছ থেকেই তিনি ঘটনাটি জেনেছেন। মৌলভীবাজার সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সাইফুল ইসলাম জানান, ইউপি চেয়ারম্যানের মাধ্যমে তিনি ঘটনাটি সম্পর্কে জানতে পারেন। তার স্বজনেরা তার লাশ দেশে ফিরিয়ে আনার দাবি জানিয়েছেন। মুহিবুর রহমান তার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন। পরিবারের সদস্যকে হারিয়ে স্বজনরা এ ব্যাপারে আর কথা বলতে চাননি।
(ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ রনি)

## রেডিও টুডে

### সংবাদপত্রের স্বাধীনতার প্রতি সরকারের দৃঢ় অবস্থান ব্যক্ত করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশের সংবাদপত্রের স্বাধীনতার প্রতি সরকারের দৃঢ় অবস্থান ব্যক্ত করেছেন।
আজ বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে নিউজপেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (নোয়াব)-এর সদস্যদের সঙ্গে বৈঠকে এ অবস্থান ব্যক্ত করেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ তথ্য জানান। তিনি বলেন, বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান সংবাদপত্রের স্বাধীনতার প্রতি তাঁর সরকারের দৃঢ় অবস্থানের কথা তুলে ধরেন।

প্রধানমন্ত্রীর উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, তাঁর সরকার সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাস করে। তিনি নিয়মিত পত্রিকা পড়েন এবং টেলিভিশন দেখেন। গণমাধ্যমে দেশের যে চিত্র উঠে আসে, সে বিষয়ে তিনি খোঁজখবর নিয়ে প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্টদের নির্দেশনা দেন।

অতিরিক্ত প্রেস সচিব জানান, প্রধানমন্ত্রী ধৈর্য সহকারে নোয়াব সদস্যদের বক্তব্য শোনেন। নির্দিষ্ট সময় পরপর নোয়াব সদস্যদের সঙ্গে এ ধরনের মতবিনিময়ের আয়োজন করা হবে বলেও জানান।

আতিকুর রহমান রুমন জানান, বৈঠকের শুরুতে নোয়াবের সভাপতি ও দৈনিক মানবজমিনের প্রধান সম্পাদক মতিউর রহমান চৌধুরী বক্তব্য রাখেন। তিনি সংবাদপত্র শিল্পের বিদ্যমান সমস্যা তুলে ধরে সেগুলোর সমাধানে প্রধানমন্ত্রীর সহযোগিতা কামনা করেন।

নোয়াব সদস্যরা ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির বিজয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানান। তারা ২০০১ সালে বিএনপি সরকারের সময় সংবাদপত্রকে শিল্প হিসেবে ঘোষণা দেওয়ার বিষয়টি উল্লেখ করেন। বর্তমানে এটি রুগ্ন শিল্পে পরিণত হয়েছে বলেও মন্তব্য করে নোয়াব।

বিগত সরকারগুলোর আমলের বিপুল সরকারি বিজ্ঞাপন বিল বকেয়া রয়েছে উল্লেখ করে এ বিষয়ে নোয়াব নেতারা প্রধানমন্ত্রীর সহযোগিতা কামনা করেন বলেও জানান আতিকুর রহমান রুমন।

পাশাপাশি সরকারের সঙ্গে সংবাদপত্র মালিকদের নিয়মিত বৈঠকের ওপর গুরুত্বারোপ করে তিন মাস পরপর এই ধরনের বৈঠক হওয়া প্রয়োজন বলে মনে করেন প্রধানমন্ত্রী।

অতিরিক্ত প্রেস সচিব জানান, বিগত অন্তর্বর্তী সরকারের সময় সাংবাদিকদের বিরুদ্ধে দায়ের করা মামলাগুলো প্রত্যাহার এবং গ্রেফতারকৃত সাংবাদিকদের জামিনের বিষয়ে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এ বিষয়ে তাঁর সহযোগিতা চান নোয়াব সদস্যরা।

দুপুর ২টা ২০ মিনিটে বৈঠকটি শুরু হয়ে শেষ হয় বিকেল সাড়ে ৩টায়। প্রধানমন্ত্রী নোয়াব সদস্যদের সঙ্গে মধ্যাহ্নভোজে অংশ নেন। পরে তাদের সঙ্গে গ্রুপ ছবি তোলেন তিনি। বিএনপি সরকার গঠনের পর নোয়াবের সঙ্গে এটি প্রথম আনুষ্ঠানিক বৈঠক।

বৈঠকে তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন, তথ্য প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী, তথ্য উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান ও প্রধানমন্ত্রীর প্রেস সচিব সালেহ শিবলী উপস্থিত ছিলেন।

বৈঠকে আরো উপস্থিত ছিলেন নোয়াবের সহ-সভাপতি এএসএম শহীদুল্লাহ খান, কোষাধ্যক্ষ আলতামাশ কবির, সদস্য এ কে আজাদ, দৈনিক প্রথম আলো সম্পাদক মতিউর রহমান, দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম, ইনকিলাব সম্পাদক এএমএম বাহাউদ্দীন, বণিক বার্তা সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ, করতোয়া সম্পাদক মোজাম্মেল হক, পূর্বকোণ সম্পাদক ডা. রমীজউদ্দিন চৌধুরী এবং ফিন্যান্সিয়াল এক্সপ্রেস প্রকাশক নাসিম মনজুর।

## ইইউ'র মধ্যে ইতালি বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ইউরোপীয় ইউনিয়নের মধ্যে ইতালি বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার। দেশটির সঙ্গে নিরাপদ অভিবাসনসহ সহযোগিতার বিস্তৃত ক্ষেত্র রয়েছে। তিনি বলেন, ইতালিতে বসবাসরত বাংলাদেশিরা রেমিট্যান্স প্রেরণের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সেজন্য বাংলাদেশ ইতালির সঙ্গে সম্পর্ককে বিশেষ গুরুত্ব দেয়। বাংলাদেশ এ দ্বিপাক্ষিক সম্পর্ক বজায় রাখাসহ অদূর ভবিষ্যতে দেশটির সঙ্গে সহযোগিতা আরো জোরদার করতে চায়। মন্ত্রীর সঙ্গে আজ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তার অফিসকক্ষে বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রো সাক্ষাৎ করতে এলে তিনি এসব কথা বলেন। বৈঠকের শুরুতে মন্ত্রী রাষ্ট্রদূতকে স্বাগত জানান। রাষ্ট্রদূতও নতুন পোর্টফলিওতে দায়িত্ব গ্রহণের জন্য মন্ত্রীকে অভিনন্দন জানান। বৈঠকে রাষ্ট্রদূত বলেন, ইতালি দুইদেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে চলমান রাখাসহ এটিকে বিস্তৃত করতে আগ্রহী। তিনি জানান, ইতালির বর্তমান সরকার নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ ও অবৈধ অভিবাসন প্রতিরোধে বদ্ধপরিকর। অভিবাসন ইস্যুটি দেশটির অগ্রাধিকার তালিকায় রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

## টেকনাফে পাহাড় থেকে রক্তাক্ত তিন লাশ উদ্ধার

কক্সবাজারের টেকনাফ উপজেলার বাহারছড়া ইউনিয়নের গহীন পাহাড় থেকে রক্তাক্ত অবস্থায় তিনজনের মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে উত্তর শীলখালী এলাকার দুর্গম পাহাড়ি অঞ্চল থেকে মরদেহ উদ্ধার করা হয়। পুলিশ জানায়, ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়। গুরুতর আহত অবস্থায় অপর দুইজনকে কক্সবাজার সদর হাসপাতালে নেওয়ার পথে তারা মারা যান। নিহতরা হলেন- মুজিবুর রহমান, নুর বশর ও রবিউল আউয়াল। তিনজনই বাহারছড়া শীলখালী গ্রামের বাসিন্দা। টেকনাফ মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম বলেন, পাহাড় থেকে রক্তাক্ত অবস্থায় তিনজনকে উদ্ধার করা হয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, অপহরণ ও মানবপাচারকে কেন্দ্র করে এ ঘটনা ঘটতে পারে। বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। তিনি জানান, স্থানীয়দের কাছ থেকে জানা গেছে, নিহতদের বিরুদ্ধে অপহরণ ও মানবপাচারের সঙ্গে সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। তবে এসব তথ্য যাচাই-বাছাই

করে দেখা হচ্ছে। ঘটনার সাথে কারা জড়িত খতিয়ে দেখা হচ্ছে। বাহারছড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমজাদ হোসেন খোকন বলেন, পাহাড়ি এলাকা থেকে তিনজনের মরদেহ উদ্ধার হয়েছে। তাদের শরীরে ধারালো অস্ত্রের আঘাত ও মাথায় জখমের চিহ্ন পাওয়া গেছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, অপহরণ ও মানবপাচার সংশ্লিষ্ট বিরোধের জেরে এ হত্যাকাণ্ড ঘটতে পারে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

## নওগাঁর নিয়ামতপুরে একই পরিবারের ৪ জনকে গলাকেটে হত্যা

নওগাঁর নিয়ামতপুরে একই পরিবারের চারজনকে গলাকেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার দিবাগত রাতে উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের বাহাদুরপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- হাবিবুর রহমান, তার স্ত্রী পপি খাতুন, ছেলে পারভেজ ইসলাম ও মেয়ে সাদিয়া রহমান। স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার ভোরে হাবিবুর রহমানের বাবা নমির হোসেন ছেলের ঘরের দরজার সামনে রক্ত দেখতে পান। সন্দেহ হলে তিনি ভেতরে প্রবেশ করে খাটের ওপর চাদর দিয়ে ঢাকা অবস্থায় চারজনের মরদেহ দেখতে পান। পরে তার চিৎকারে আশপাশের লোকজন জড়ো হন এবং পুলিশে খবর দেন। নিয়ামতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহবুবুর রহমান বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন। তিনি বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সুরতহাল প্রতিবেদন তৈরি করছে। মরদেহগুলো ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে। তবে হত্যাকাণ্ডের কারণ ও জড়িতদের বিষয়ে এখনো নিশ্চিত হওয়া যায়নি।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

## ফের পুলিশের পোশাক পরিবর্তনের উদ্যোগ, মন্ত্রণালয়ে চিঠি

ছাত্র-জনতার অভ্যুত্থানের পর দায়িত্ব নেওয়া অন্তবর্তী সরকারের নির্ধারিত পুলিশের নতুন ইউনিফর্মের রং নিয়ে সমালোচনার জেরে আবারও পরিবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে। এ বিষয়ে ইতোমধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি পাঠিয়েছে পুলিশ সদর দপ্তর। সিনিয়র সচিব বরাবর পাঠানো ওই চিঠিতে পুলিশ মহাপরিদর্শকের পক্ষে স্বাক্ষর করেন সদর দপ্তরের লজিস্টিকস শাখার অতিরিক্ত ডিআইজি মো. সারোয়ার জাহান। চিঠির বিষয় ছিল- বাংলাদেশ পুলিশের ইউনিফর্মের রং পরিবর্তন। এতে বলা হয়, ইউনিফর্মের রং পরিবর্তন নিয়ে বাহিনীর ভেতরে-বাইরে ব্যাপক আলোচনা সৃষ্টি হওয়ায় বিভিন্ন নমুনা ও রং পর্যালোচনা করেন ঊর্ধ্বতন কর্মকর্তারা। পরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে পরামর্শক্রমে নতুন রং প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়। নতুন প্রস্তাব অনুযায়ী, সব মেট্রোপলিটন পুলিশের জন্য শার্টের রং Light Olive TC (Plain Fabric) রাখা হবে। এপিবিএন, এসপিবিএন, এসবি, সিআইডি ও র‌্যাব ব্যতীত অন্যান্য ইউনিটের জন্য শার্টের রং নির্ধারণ করা হয়েছে Deep Blue TC (Plain Fabric)। উভয় ক্ষেত্রেই প্যান্টের রং হবে TC Twill Khaki. এই পরিবর্তন কার্যকর করতে Police Dress Rules, 2025-এর একাধিক ধারা সংশোধনের প্রস্তাব দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে Rule 4-এর sub-rule (5), (6), (7), (8) এবং Rule 7-এর sub-rule (2) ও (3)-এর সংশ্লিষ্ট উপধারাগুলো। চিঠিতে আরও জানানো হয়, প্রয়োজনীয় সংশোধন ও সংযোজনসহ একটি খসড়া প্রজ্ঞাপন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে এবং তা জারির জন্য অনুমোদন চাওয়া হয়েছে। এছাড়া, উল্লেখ করা হয়েছে, প্রাপ্যতার ভিত্তিতে ইউনিফর্ম সরবরাহ করা হয়ে থাকে, ফলে এই রং পরিবর্তনের কারণে সরকারের অতিরিক্ত কোনো আর্থিক চাপ পড়বে না।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

## প্রবল উৎসাহ নিয়ে এসএসসি পরীক্ষা দিচ্ছেন শিক্ষার্থীরা : মাহাদী আমিন

এসএসসি ও সমমানের পরীক্ষা শুরুর দিনে রাজধানীর একাধিক কেন্দ্র পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। মঙ্গলবার ফেসবুকে নিজের ভেরিফায়েড প্রোফাইল থেকে করা পোস্টে তিনি এ তথ্য জানান। পোস্টে মাহদী আমিন লিখেছেন, "আজ কোমলমতি শিক্ষার্থীদের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। সকালেই পরীক্ষা কেন্দ্রগুলোর পরিবেশ, শৃঙ্খলা ও সার্বিক পরিস্থিতি পরিদর্শনে ধানমন্ডি গভ. বয়েজ হাইস্কুল, শের-ই-বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ে গিয়েছিলাম।" তিনি আরো লেখেন, "দেখেছি, শিক্ষকরা আন্তরিকতার সঙ্গে শিক্ষার্থীদের জন্য ইতিবাচক ও সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করছেন। পরীক্ষার্থীরাও প্রবল উৎসাহ-উদ্দীপনার সঙ্গে পরীক্ষায় অংশগ্রহণ করছে।" শিক্ষার্থীদের মূল্যায়নের ক্ষেত্রে সহানুভূতির আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রীর এই উপদেষ্টা বলেন, "ফলাফল যাই হোক, আসুন, সবাই আমাদের এই সন্তানদের সহানুভূতি ও প্রেরণা নিয়ে মূল্যায়ন করি। কারণ, আগামীর বাংলাদেশের মূল কারিগর তো তারাই।"
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

## বাংলাদেশ থেকে পর্তুগালে কর্মী নিয়োগের আহ্বান জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

পর্তুগালের পররাষ্ট্র ও সহযোগিতা বিষয়ক সেক্রেটারি আনা ইসাবেল জেভিয়ারের সঙ্গে সাক্ষাৎ করেছেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। সোমবার সেনেগালের ডাকারে অনুষ্ঠিত 'আফ্রিকায় শান্তি ও নিরাপত্তা সম্পর্কিত ডাকার ইন্টারন্যাশনাল ফোরামের' ফাঁকে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে প্রতিমন্ত্রী উল্লেখযোগ্য সংখ্যক প্রবাসী বাংলাদেশিকে আশ্রয় দিতে পর্তুগালের অব্যাহত সমর্থনের প্রশংসা করেন এবং দক্ষ ও আধা-দক্ষ উভয় ধরনের কর্মী নিয়োগের আহ্বান জানান। প্রতিমন্ত্রী ইউরোপীয় ইউনিয়নের বাজারে বাংলাদেশের পাট ও পাটজাত পণ্য রপ্তানি বৃদ্ধিসহ

দ্বিপক্ষীয় বাণিজ্য জোরদারের ওপর গুরুত্বারোপ করেন এবং বৃহত্তর পর্তুগিজ বিনিয়োগের আহ্বান জানান। সাক্ষাৎকালে দুই দেশের প্রতিনিধিরা খেলাধুলা, সংস্কৃতি এবং নারী ক্ষমতায়নের মতো ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া মানবিক সংকট হিসেবে পরিচিত রোহিঙ্গা ইস্যু মোকাবিলায় আন্তর্জাতিক সম্প্রদায়ের ভূমিকা নিয়ে তারা নিজেদের মধ্যে মতবিনিময় করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

**রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে ভূমিকম্প অনুভূত**

ভারত-মিয়ানমার সীমান্তে আঘাত হানা মাঝারি মাত্রার একটি ভূমিকম্পে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় মৃদু কম্পন অনুভূত হয়েছে। মঙ্গলবার (২১ এপ্রিল) সকাল ৬টা ২৯ মিনিটে বাংলাদেশ সময় এ ভূমিকম্পটি রেকর্ড করা হয়। আর্থকোয়াক ট্র্যাকের তথ্য অনুযায়ী, রিখটার স্কেলে ভূমিকম্পটির মাত্রা ছিল ৫। এর উৎপত্তিস্থল মিয়ানমারের সাগাইং অঞ্চলের হোমালিন এলাকায়, যা ভারতের মণিপুর সীমান্তের কাছাকাছি। ভূমিকম্পটির কেন্দ্রস্থল ছিল ভূ-পৃষ্ঠ থেকে প্রায় ১০০ কিলোমিটার গভীরে। বেশি গভীরে উৎপন্ন হওয়ায় এর কম্পন ভূ-পৃষ্ঠে তুলনামূলক কম অনুভূত হয়েছে। ভূ-তাত্ত্বিকভাবে বাংলাদেশ বড়ো কোনো সক্রিয় চ্যুতিরেখার ওপর না থাকলেও মিয়ানমার ও উত্তর-পূর্ব ভারতের ভূমিকম্পপ্রবণ অঞ্চলের নিকটবর্তী হওয়ায় প্রায়ই এসব এলাকার ভূমিকম্পের প্রভাব দেশে অনুভূত হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

**জ্বালানি নিয়ে চট্টগ্রাম বন্দরে ৫ জাহাজ, খালাস শুরু**

দেশের জ্বালানি তেলের বাজারে সরবরাহ স্বাভাবিক রাখতে বিপুল পরিমাণ ডিজেল ও অকটেন নিয়ে চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে পাঁচটি জাহাজ। ১ লাখ ৬৯ হাজার টন জ্বালানি পণ্যবাহী এই জাহাজগুলোর মধ্যে দুটির খালাস কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। মঙ্গলবার চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এই তথ্য নিশ্চিত করেছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, আমদানিকৃত এই জ্বালানি জাতীয় মজুতকে আরও শক্তিশালী করবে। বন্দর ও বিপিসি সূত্রে জানা গেছে, চট্টগ্রাম বন্দরের ডলফিন জেটিতে বর্তমানে 'এমটি ওকট্রি' ও 'এমটি কেপ বনি' নামের দুটি জাহাজ থেকে জ্বালানি খালাস করা হচ্ছে। এর মধ্যে 'এমটি ওকট্রি'-তে ৩৫ হাজার টন এবং 'এমটি কেপ বনি'-তে ৩৩ হাজার টন ডিজেল রয়েছে। অর্থাৎ, বন্দর জেটিতেই বর্তমানে ৬৮ হাজার টন ডিজেল খালাসের কাজ চলছে। অন্যদিকে, বন্দরের বহির্নোঙরে আরও তিনটি জাহাজ খালাসের অপেক্ষায় রয়েছে। এর মধ্যে- এমটি লিয়ান সং হু জাহাজে ৪১ হাজার টন ডিজেল, এমটি প্যাসিফিক ইন্ডিগোতে ৩৩ হাজার টন ডিজেল এবং এমটি নাভে সিয়েলো জাহাজে ২৭ হাজার টন অকটেন রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের  জনসংযোগ শাখার সহকারী মহাব্যবস্থাপক ফারজিন হাসান মৌমিতা জানান, দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে দ্রুততার সঙ্গে খালাস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। চাহিদা অনুযায়ী এই তেল দ্রুত দেশের বিভিন্ন ডিপোতে পাঠিয়ে দেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

**ঋণের চাপে বেসরকারি খাত দুর্বল, ঘাটতি কমাতে কাজ করছে সরকার : অর্থমন্ত্রী**

বিগত সরকারের অতিরিক্ত ঋণ গ্রহণের কারণে বেসরকারি খাত দুর্বল হয়ে পড়েছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তবে সরকার ঋণের পরিমাণ কমাতে সচেষ্ট বলেও উল্লেখ করেন তিনি। মঙ্গলবার দুপুরে জাতীয় সংসদ অধিবেশনে অর্থমন্ত্রী এসব কথা বলেন। তিনি জানান, চলতি বছরের ফেব্রুয়ারি পর্যন্ত বৈদেশিক ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৭৮ হাজার ৬৭.২০ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বর্তমান সরকার পরিশোধ করেছে ৯০.৬৬ মিলিয়ন ডলার। আমির খসরু আরও বলেন, আগামী বাজেটে ঋণের এই ঘাটতির প্রতিফলন দেখা যাবে। এ সময় অর্থমন্ত্রী উল্লেখ করেন, আন্তঃব্যাংক লেনদেনের ফি পরিবর্তনের আপাতত কোনো পরিকল্পনা সরকারের নেই।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

**অবৈধভাবে মজুত ১ হাজার ৭৪৪ লিটার ডিজেল জব্দ**

সিরাজগঞ্জের বেলকুচি উপজেলায় অবৈধভাবে মজুত করা ১ হাজার ৭৪৪ লিটার ডিজেল জব্দ করেছেন ভ্রাম্যমাণ আদালত। এ ঘটনায় এক ব্যবসায়ীকে তিনদিনের কারাদণ্ড দেওয়া হয়েছে। মঙ্গলবার দুপুরে উপজেলার শেরনগর বাজারে অভিযান চালিয়ে এ ব্যবস্থা নেওয়া হয়। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে শেরনগর বাজারে ব্যবসায়ী রবিউল ইসলামের দোকানে অভিযান চালানো হয়। এ সময় তার দোকানে অবৈধভাবে মজুত করা ১ হাজার ৭৪৪ লিটার ডিজেল পাওয়া যায়। বেলকুচি উপজেলা নির্বাহী কর্মকর্তা আফরিন জাহান ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে রবিউল ইসলামকে তিনদিনের কারাদণ্ড দেন এবং তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। বেলকুচি থানার ওসি ইমাম জাফর বিষয়টি নিশ্চিত করে জানান, জব্দ করা ডিজেল স্থানীয় এক ডিলারের কাছে বিক্রি করে প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

**বাংলাদেশি যুবকের মরদেহ ফেরত দিল বিএসএফ**

অবৈধভাবে ভারতে অনুপ্রবেশের দায়ে ভারতীয় কারাগারে কারাভোগকালে মারা যাওয়া এক বাংলাদেশি যুবকের মরদেহ হস্তান্তর করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনি (বিএসএফ)। মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুরে শেরপুরের নালিতাবাড়ী উপজেলার নাকুগাঁও সীমান্ত দিয়ে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনী ও পুলিশের উপস্থিতিতে ওই মরদেহ হস্তান্তর করা হয়। মৃত ওই যুবকের নাম শিপন হাওলাদার। তিনি বরগুনা সদর উপজেলার সবেজ হাওলাদারের ছেলে। পুলিশ ও

বিজিবি সূত্র জানায়, প্রায় ১৯ মাস আগে শিপন হাওলাদার ময়মনসিংহের হালুয়াঘাট সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশ করে। পরে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর হাতে আটক হলে তাকে সেখানকার পুলিশে সোপর্দ করা হয়। এরপর ভারতীয় আদালত অবৈধ অনুপ্রবেশের দায়ে তাকে কারাদণ্ড দিয়ে তুরা জেলা কারাগারে পাঠায়। আগামী ২৮ এপ্রিল তার কারাভোগের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। তবে গত ১৬ এপ্রিল বৃহস্পতিবার শিপন অসুস্থ হয়ে পড়লে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়। দুই দেশের আইনি প্রক্রিয়া শেষে মঙ্গলবার দুপুর ১টার দিকে শিপনের মরদেহ তার স্বজনদের কাছে হস্তান্তর করা হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৪.২০২৬ আসাদ)

# জাগো নিউজ

## হাম ও হামের উপসর্গ নিয়ে আরও তিনজনের মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে আরও তিনজনের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৩৮ জনের মৃত্যু হলো। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ১৮৫ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৩ হাজার ৮০৫ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ২৫ হাজার ৯৩৫ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছে ১৭ হাজার ৮৫ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ১৪ হাজার ১০৬ জন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## পরীক্ষা সুন্দর হয়েছে, নকল-প্রশ্নফাঁসের ঘটনা ঘটেনি : শিক্ষামন্ত্রী

এসএসসি ও সমমানের প্রথমদিনের পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে এবং নকল-অনিয়মের তেমন ঘটনা ঘটেনি বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, আজকের এসএসসি পরীক্ষা সুন্দর হয়েছে। আমি নিজে কয়েকটি কেন্দ্রে গিয়েছি, সিসি ক্যামেরায় দেখেছি। সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা হয়েছে। প্রশ্নপত্র ফাঁসেরও কোনো ঘটনা নেই। আগামীতে এ ধরনের সুযোগ দেওয়া হবে না। মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুর দেড়টার পর রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এসএসসি পরীক্ষা-পরবর্তী সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। মানিকগঞ্জে পরীক্ষাকেন্দ্র পরিদর্শন প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, আমি কয়েকটি কেন্দ্রে গিয়েছিলাম, ওই এলাকার জনগণ তারাও এ পরীক্ষায় সহযেগিতার জন্য অংশ নিয়েছেন। পরীক্ষার্থীদের জন্য নিরাপদ পানির ব্যবস্থা রাখা হয়েছে। কেন্দ্রগুলোতে পরীক্ষা সুন্দর হয়েছে। এবারের পরীক্ষা সুন্দর হবে, এটা জাতি আগেই জেনেছে। কারণ আমরা সবাইকে সচেতন করেছি। অনৈতিক পন্থা পরিহার করতে অনুরোধ জানিয়ে এসেছি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## ইরানের সঙ্গে যুদ্ধবিরতি বাড়ানোর ঘোষণা ট্রাম্পের

ইরানের সঙ্গে যুদ্ধবিরতির সময় বাড়ানোর ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে অবরোধ চালিয়ে যাওয়ার কথা জানিয়েছেন তিনি।

মঙ্গলবার (২১ এপ্রিল) সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ স্যোশালে দেওয়া এক পোস্টে ডোনাল্ড ট্রাম্প এ ঘোষণা দেন।

মার্কিন প্রেসিডেন্ট বলেন, 'ইরান সরকার মারাত্মকভাবে বিভক্ত হয়ে পড়েছে, যা অপ্রত্যাশিত ছিল না। এই বাস্তবতার ভিত্তিতে এবং পাকিস্তানের ফিল্ড মার্শাল আসিম মুনির ও প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের অনুরোধে, আমাদের বলা হয়েছে ইরানের ওপর আক্রমণ স্থগিত রাখতে, যতক্ষণ না তাদের নেতা ও প্রতিনিধিরা একটি ঐক্যবদ্ধ প্রস্তাব নিয়ে আসতে পারেন।'

'তাই আমি আমাদের সামরিক বাহিনীকে অবরোধ অব্যাহত রাখার নির্দেশ দিয়েছি এবং অন্য সব ক্ষেত্রে প্রস্তুত ও সক্ষম রাখতে বলেছি। সেই সঙ্গে এই যুদ্ধবিরতির মেয়াদ ততক্ষণ পর্যন্ত বৃদ্ধি করবো, যতক্ষণ না তাদের প্রস্তাব জমা দেওয়া হয় এবং আলোচনা কোনো না কোনোভাবে সমাপ্ত হয়', যোগ করেন ডোনাল্ড ট্রাম্প।

এদিকে, যুদ্ধবিরতির মেয়াদ শেষ হওয়ার আগমুহূর্তে তা অনির্দিষ্টকালের জন্য বৃদ্ধির ঘোষণা দেওয়ায় ডোনাল্ড ট্রাম্পকে ধন্যবাদ জানিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ।

তিনি এক অনলাইন বিবৃতিতে বলেন, 'চলমান কূটনৈতিক প্রচেষ্টাকে এগিয়ে নেওয়ার সুযোগ দেওয়ার জন্য আমাদের অনুরোধ সদয়ভাবে গ্রহণ করে যুদ্ধবিরতির মেয়াদ বৃদ্ধি করায় আমি প্রেসিডেন্ট ট্রাম্পকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই।'

পাকিস্তানের ওপর যে আস্থা ও বিশ্বাস রাখা হয়েছে, তার ভিত্তিতে তারা এই দ্বন্দ্বের একটি আলাপ-আলোচনাভিত্তিক সমাধানের জন্য আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখবে বলে জানান শেহবাজ শরিফ।

## সিরাজগঞ্জে এমপি আমির হামজার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুকে 'আপাদমস্তক নাস্তিক ও ইসলামবিদ্বেষী' বলে মন্তব্য করায় কুষ্টিয়া-৩ (সদর) আসনের এমপি ও ইসলামি বক্তা আমির হামজার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন সিরাজগঞ্জ আদালত। মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুর পৌনে ১২টার দিকে সিরাজগঞ্জের চৌহালী আমলি

আদালতের বিচারক সুমন ভুঁইয়া এই নির্দেশ দেন। এর আগে, ২ এপ্রিল সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট হুমায়ূন কবীর বাদী হয়ে মামলা দায়ের করেন। পরে আদালতের বিচারক সুমন ভুঁইয়া মামলাটি আমলে নিয়ে সমন জারির নির্দেশ দেন। জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক ও মামলার বাদী অ্যাডভোকেট হুমায়ূন কবীর জাগো নিউজকে এই তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ একজন সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান। তিনি বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত। তিনি তার সংসদীয় আসনে অসংখ্য মসজিদ ও মাদরাসা প্রতিষ্ঠা করেছেন। শুধু তাই নয়, তিনি ইসলামের সমস্ত আদেশ মেনে যথারীতি নামাজ, রোজা, হজ ও যাকাত পালন করে আসছেন। কিন্তু গত ২৭ মার্চ কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর বড়ো মসজিদে জুমার খুতবার আগে আলোচনায় বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রীর দেওয়া এক বক্তব্যের প্রসঙ্গ টেনে মুফতি আমির হামজা বলেন, বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু একজন নাস্তিক ও আপাদমস্তক ইসলামবিদ্বেষী। পরবর্তীতে তার ওই বক্তব্যের একটি ভিডিও ক্লিপ ছড়িয়ে পড়ে। পরবর্তীতে বিভিন্ন গণমাধ্যমে ভিডিওটি প্রকাশ পেলে আমার নজরে আসে। এতে মন্ত্রীর সম্মানহানি হয়েছে বলে আমি দণ্ডবিধির ২৯৬, ৫০০ ও ৫০৪ ধারায় মানহানির একটি মামলা করেছিলাম। এ মামলায় আজ বিচারক তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন। একই ঘটনায় গত ৩০ মার্চ সিরাজগঞ্জ সদর আমলি আদালতে অ্যাডভোকেট এসএম নাজমুল ইসলাম বাদী হয়ে আমির হামজার বিরুদ্ধে শতকোটি টাকার মানহানির মামলা করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## যৌক্তিকভাবে পরিবহণ ভাড়া নির্ধারণ হবে : প্রধানমন্ত্রীর উপদেষ্টা

জ্বালানি তেলের দাম বাড়ার পরিপ্রেক্ষিতে পরিবহণ ভাড়া যৌক্তিকভাবে নির্ধারিত হবে বলে জানিয়েছেন, প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। মঙ্গলবার (২১ এপ্রিল) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে উপদেষ্টা এ কথা বলেন। এ সময়ে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী উপস্থিত ছিলেন। যানবাহনের ভাড়া নিয়ে একটা সংকট হচ্ছে জানিয়ে উপদেষ্টা বলেন, যেহেতু জ্বালানির মূল্য বৃদ্ধি করা হয়েছে, তাই এখন জ্বালানির সঙ্গে সামঞ্জস্য রেখে পরিবহণ ভাড়া বৃদ্ধির আলোচনা চলছে। আমরা আশা করি, এটা যৌক্তিকভাবে হবে। এটা নিয়ে আলোচনা চলছে সরকারের সঙ্গে। জটিলতা নিরসনে প্রয়োজনে এসি বাসের ভাড়া দুই বা তিন স্তরে নির্ধারণ করা হবে এবং আসন্ন ঈদে সেটা কার্যকর করা হবে। ঢাকার বাস টার্মিনালগুলোর পরিবেশ মানোন্নয়নে বিশেষ করে টয়লেট ব্যবস্থাপনায় সিটি করপোরেশনকে নির্দেশ দেওয়া হয়েছে এবং সেটার ব্যবস্থা নেওয়া হচ্ছে। ভাড়া বাড়ানোর বিষয়ে আলোচনা চলছে জানিয়ে তিনি বলেন, ভাড়া শুধু বাস না, আসলে জীবনযাত্রার ব্যয়ের ওপর বেশি প্রভাব পড়বে ট্রাকের ভাড়ায়। সরকারের কাজ কিন্তু শুধু জনগণ বলতে যাদেরকে বুঝি ভোক্তার স্বার্থরক্ষা না, একটা কথা মনে রাখতে হবে। একটা সরকার কিন্তু ব্যবসায়ীদেরও সরকার। যে মানুষটা বাস চালান, যে মানুষটা ট্রাক চালান, তিনিও এই রাষ্ট্রের নাগরিক, এই সরকার কিন্তু তারও সরকার। সুতরাং তার উপরও এমন কিছু করা ঠিক হবে না, যাতে তার ব্যবসা না হতে পারে। ডা. জাহেদ উর রহমান আরও বলেন, সরকার কিন্তু কারও পক্ষ না, সরকার সবার সরকার। সরকার চেষ্টা করবে, এমন একটা পয়েন্টে আসা, যেখানে সবার কম ক্ষতি হয়। আমরা খেয়াল করি, আমি আগে একদিন বলেছিলাম, এই সংকটে আমাদের প্রত্যেকের ক্ষতি হবে, এটা মেনে নিতে হবে। এটা সারা পৃথিবীতেই হচ্ছে। তিনি বলেন, আমাদের একটা প্রবণতা আছে, যখনই তেলের দাম বাড়ছে, ভাড়া বাড়ছে, দ্রব্যমূল্য ওই অজুহাতে যতটুকু বাড়ার কথা তার চাইতে অনেক বেশি বাড়ছে। আমরা চেষ্টা করবো, আসলে এই জিনিসটাকে নিয়ন্ত্রণে রাখার জন্য। জনগণকে আবারও বলছি, কিছুটা কষ্ট করতে হবে, প্রত্যেকটা মানুষ কষ্ট করছে। তিনি বলেন, আমাদের তো অলরেডি ফ্যামিলি কার্ডের একটা স্টেপ হয়েছে, যেটা পাইলট। এই বাজেটে আমরা ৪০ লাখ মানুষকে নতুন ফ্যামিলি কার্ড দেব, যাতে প্রায় ১৩ থেকে ১৪ হাজার কোটি টাকা বরাদ্দ হবে। জাহেদ উর রহমান বলেন, আপনারা কেউ কেউ পত্রিকায় হয়ত দেখেছেন, এই বরাদ্দ রাখার জন্য আইএমএফের সঙ্গে সম্ভবত আমাদের নেগোসিয়েশনে কিছু ইস্যু তৈরি হয়েছে। কিন্তু সরকার জনগণের, সবচেয়ে ভালনারেবল, সবচেয়ে দরিদ্র জনগণের পাশে থাকার জন্য এই সিদ্ধান্ত কিন্তু অটল থাকবে। শুধু সেটা না, প্রয়োজনে টিসিবির মাধ্যমে আরও অনেক বেশি মানুষকে তাদের খাদ্যসহ অন্যান্য সহযোগিতা দেবে। সুতরাং সরকার জনগণের পাশে নিশ্চয়ই থাকবে। ফুটপাত হকারমুক্ত করতে ঢাকায় আটটি নৈশ মার্কেট চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে জানিয়ে উপদেষ্টা বলেন, এটা একটা কঠিন সিদ্ধান্ত, মানে আমরা যখন ফুটপাত থেকে হকারদেরকে উচ্ছেদ করি, ফুটপাথ আসলে হকারদের জন্য না, ব্যবসায়ীদের জন্য না, এটা হাঁটার জন্য, নামই ফুটপাত। কিন্তু আমাদের এই সংকট যেহেতু আছে, তাদেরকে কীভাবে আমরা কোনোভাবে প্রোভাইড করতে পারি, সেই চেষ্টাটা চলছে। প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, 'ফুয়েল পাস বিডি' অ্যাপের পাইলটিং কার্যক্রমের বিস্তৃতি ঘটানোর জন্য মোটরসাইকেল নিবন্ধনের জন্য ঢাকা ছাড়া আরও অনেকগুলো জেলাতে এটা করা হয়েছে। রেজিস্ট্রেশন হয়ে গেলেও সবগুলো জায়গা থেকে এখন পর্যন্ত সরাসরি জ্বালানি গ্রহণ করা যাবে না। রেজিস্ট্রেশন হয়ে থাকলে ঢাকার যে-সব উন্মুক্ত পাম্প আছে, সেগুলোতে গ্রহণ করতে পারবে। এখন পর্যন্ত রেজিস্ট্রেশন ১ লাখ ৭০ হাজার প্লাস। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## সৌদি পৌঁছেছেন ১৫ হাজারের বেশি হজযাত্রী

পবিত্র হজ পালনের জন্য বাংলাদেশ থেকে এরই মধ্যে ১৫ হাজারেরও বেশি হজযাত্রী সৌদি আরব পৌঁছেছেন। তাদের মধ্যে সরকারি ব্যবস্থাপনায় গেছেন ২ হাজার ৮৭০ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১২ হাজার ৪২৩ জন। গত ১৮ এপ্রিল থেকে হজ ফ্লাইট শুরু হয়। এ পর্যন্ত মোট ৩৮টি ফ্লাইট পরিচালিত হয়েছে। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিচালনা করেছে ১৫টি ফ্লাইট, সৌদি এয়ারলাইন্স ১৪টি এবং ফ্লাইনাস এয়ারলাইন্স পরিচালনা করেছে ৯টি ফ্লাইট। এসব ফ্লাইটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৬ হাজার ১৮৬ জন, সৌদি এয়ারলাইন্স ৫ হাজার ৪৫৪ জন এবং ফ্লাইনাস এয়ারলাইন্স ৩ হাজার ৬৫৩ জন হজযাত্রী বহন করেছে। সোমবার (২০ এপ্রিল) ধর্ম মন্ত্রণালয় প্রকাশিত হজ বুলেটিন সূত্রে এসব তথ্য জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## গত বছরের প্রশ্ন বিতরণ, ১ ঘণ্টা ২৫ মিনিট পর টের পেল পরীক্ষার্থীরা

নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ের এসএসসি পরীক্ষার প্রথম দিনে বাংলা প্রথম পত্রে ২০২৫ সালের প্রশ্নপত্র বিতরণের ঘটনা ঘটেছে। পরীক্ষা শুরুর ১ ঘণ্টা ২৫ মিনিট পর পুরোনো প্রশ্নের বিষয়টি নজরে আসে ১৭৭ জন শিক্ষার্থীর। এরপরই পরীক্ষা কেন্দ্রে হট্টগোল শুরু হয় এবং পরীক্ষার্থীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। মঙ্গলবার (২১ এপ্রিল) উপজেলার কাঁচপুর ওমর আলী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এমন ঘটনা ঘটে। জানা গেছে, এসএসসি ২০২৬ সালে উপজেলার কাঁচপুর ওমর আলী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এ বছর সিনহা উচ্চ বিদ্যালয়, দবরউদ্দিন ভুঁইয়া উচ্চ বিদ্যালয়, মদনপুর রহমানিয়া উচ্চ বিদ্যালয় ও নাসিম মেমোরিয়াল ল্যাবরেটরি স্কুলের ৭৬০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে ১৭৭ শিক্ষার্থীকে ২০২৫ সালের সিলেবাসের প্রশ্ন সরবরাহ করা হয়। পুরোনো প্রশ্নেই পরীক্ষার্থীরা এক ঘণ্টা ২৫ মিনিট পরীক্ষা দেয়। এক পর্যায়ে পুরোনো প্রশ্নে পরীক্ষা দেওয়ার বিষয়টি তাদের নজরে আসে। পরে বিষয়টি কেন্দ্র সচিবসহ সংশ্লিষ্টদের অবগত করলে তাৎক্ষণিক ইউএনওকে জানিয়ে সঠিক প্রশ্ন সরবরাহ করা হয় এবং সময় বৃদ্ধি করে পরীক্ষা নেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## সরকারের সঙ্গে কি এস আলম গ্রুপের সমঝোতা হয়েছে : অর্থমন্ত্রীকে হাসনাত

সরকারের সঙ্গে দেশের প্রভাবশালী শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপের কোনো ধরনের সমঝোতা হয়েছে কি না, সংসদে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর উদ্দেশ্যে এমন প্রশ্ন ছুড়ে দিয়েছেন কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদ অধিবেশনে অর্থমন্ত্রীর উদ্দেশ্যে তিনি এ প্রশ্ন রাখেন। হাসনাত আবদুল্লাহ বলেন, ঋণ পরিশোধ না করে এস আলম গ্রুপকে পুনরায় পুনর্বহাল করা হচ্ছে। সরকারের সঙ্গে কি এস আলম গ্রুপের সমঝোতা হয়েছে? অর্থমন্ত্রীকে উদ্দেশ্য করে তিনি আরও বলেন, ইসলামী ব্যাংক ৯২ হাজার ১১৫ কোটি টাকা ঋণের ধারক। এর মধ্যে এস আলম গ্রুপ ৮০ হাজার কোটি টাকা ঋণখেলাপি। জনতা ব্যাংক থেকে বেক্সিমকো গ্রুপ ২৫ হাজার কোটি টাকা ঋণখেলাপি। খেলাপি ঋণ পুনরুদ্ধারে সরকারের কোনো পরিকল্পনা আছে কি না, সংসদে সে প্রশ্নও রাখেন হাসনাত আব্দুল্লাহ। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## জরুরিভাবে ১৬৯৮ কোটি টাকায় দেড় লাখ টন ডিজেল-অকটেন কিনছে সরকার

ইরান এবং মার্কিন যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধের পরিপ্রেক্ষিতে উদ্ভূত অস্থিতিশীল ভূরাজনৈতিক প্রেক্ষাপটে দেশে জরুরি জ্বালানি চাহিদা পূরণের জন্য ১ হাজার ৬৯৮ কোটি ২১ লাখ ৪০ হাজার টাকার জ্বালানি তেল কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর মধ্যে ১ লাখ ৫০ হাজার মেট্রিক টন ডিজেল এবং ২৫ হাজার মেট্রিক অকটেন রয়েছে। মঙ্গলবার (২১ এপ্রিল) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এই জ্বালানি তেল কেনার অনুমোদন দেওয়া হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে এই তেল কেনার প্রস্তাব নিয়ে আসা হয়। বৈঠক শেষে অর্থ মন্ত্রাণলয় থেকে জানানো হয়েছে, ইরান এবং মার্কিন যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধের পরিপ্রেক্ষিতে উদ্ভূত অস্থিতিশীল ভূরাজনৈতিক প্রেক্ষাপটে দেশে জরুরি জ্বালানি চাহিদা পূরণের জন্য ডিবিএস ট্রেডিং হাউস এফজেডসিও-এর নিকট থেকে ৫০ হাজার মেট্রিক টন ইএন৫৯০-১০ পিপিএম ডিজেল এবং ২৫ হাজার মেট্রিক টন গ্যাসোলিন ৯৫ আনলেডেড (অকটেন) আমদানির প্রস্তাব বৈঠকে অনুমোদন দেওয়া হয়েছে। সরাসরি ক্রয় পদ্ধতিতে এই জ্বালানি তেল কেনা হবে। এতে ব্যয় হবে ১ হাজার ২৩ কোটি ৬১ লাখ ২০ হাজার টাকা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## একজনকে বহিষ্কার করেছি : শিক্ষামন্ত্রী

এসএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনে আকস্মিকভাবে ঢাকা ও মানিকগঞ্জ জেলার পাঁচটি কেন্দ্র পরিদর্শন করেছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। এ সময় একটি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে একজনকে বহিষ্কার করা হয়েছে বলেও জানিয়েছেন তিনি। মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুরে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এসএসসি পরীক্ষা-পরবর্তী সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। শিক্ষামন্ত্রী বলেন, “একটি কেন্দ্রে একজনকে বহিষ্কার করেছি। ওই কেন্দ্রটিকে ঝুঁকিপূর্ণ কেন্দ্র বলা হয়েছিল। সে কারণে সেখানে গিয়েছিলাম। তখন কেন্দ্রের একজনকে বহিষ্কার করতে হয়েছে।” তিনি বলেন, “পরীক্ষা ভালো হয়েছে।

তুলনামূলকভাবে ভালো পরীক্ষা হয়েছে। শিক্ষকরা সহযোগিতামূলক ছিলেন, প্রশাসনও সহযোগিতা করেছে। সবার সহযোগিতায় সুষ্ঠুভাবে এসএসসি পরীক্ষা সম্পন্ন করতে চাই।" (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## এসএসসির প্রথম দিনে অনুপস্থিত ২৫ হাজার ৪০৮, বহিষ্কার ৭

এসএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনে দেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে সারা দেশে ছয়জন পরীক্ষার্থী এবং একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। এদিন সব বোর্ড মিলিয়ে অনুপস্থিত ছিল ২৫ হাজার ৪০৮ জন। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এ তথ্য জানিয়েছে। প্রকাশিত তথ্যমতে, ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে বাংলা প্রথমপত্রে মোট পরীক্ষার্থী ছিল ১১ লাখ ৩৪ হাজার ৮৫৩ জন। পরীক্ষায় অংশ নিয়েছে ১১ লাখ ২২ হাজার ৯৬৩ জন, অনুপস্থিত ১১ হাজার ৮৯০ জন। এদিন দুইজন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে, একজন ঢাকা বোর্ডে এবং একজন দিনাজপুর বোর্ডে। অন্যদিকে মাদরাসা বোর্ডের অধীন দাখিলের কোরআন মজিদ ও তাজভিদ পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল ২ লাখ ৫৪ হাজার ৯০৩ জন পরীক্ষার্থীর। তবে অংশ নিয়েছেন ২ লাখ ৪৩ হাজার ৬৯২ জন। এতে অনুপস্থিত ১১ হাজার ২১১ জন। মাদরাসা বোর্ডে সারা দেশে চারজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) ও এসএসসি (দাখিল) পরীক্ষার প্রথম দিনে বাংলা-২ বিষয়ের পরীক্ষায় ৬৫৩টি কেন্দ্রে পরীক্ষার্থী ছিল ১ লাখ ১৯ হাজার ২৫০ জন। পরীক্ষায় অংশ নিয়েছে ১ লাখ ১৬ হাজার ৯৪৩ জন। অনুপস্থিত ২ হাজার ৩০৭ জন। কারিগরি বোর্ডে কোনো শিক্ষার্থী বহিষ্কার হয়নি; তবে একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## সৌদি থেকে এক লাখ টন ক্রুড নিয়ে বাংলাদেশের পথে 'এমটি নিনেমিয়া'

মধ্যপ্রাচ্য সংকটের মধ্যে সৌদি আরব থেকে এক লাখ টন ক্রুড নিয়ে বাংলাদেশের পথে রওয়ানা দিয়েছে ট্যাংকার জাহাজ 'এমটি নিনেমিয়া'। মঙ্গলবার (২১ এপ্রিল) বাংলাদেশের স্থানীয় সময় সকাল ৬টায় জাহাজটি সৌদি আরবের ইয়ানবু বন্দর থেকে যাত্রা করে। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন ইস্টার্ন রিফাইনারির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী শরীফ হাসনাত। তবে, জাহাজটি কবে বাংলাদেশে পৌঁছাবে, সে বিষয়ে নিশ্চিত করতে পারেননি তিনি। এর আগে, ক্রুড অয়েল সংকটে পড়ে রাষ্ট্রীয় একমাত্র পেট্রোলিয়াম জ্বালানি পরিশোধনাগার ইস্টার্ন রিফাইনারির (ইআরএল) মূল প্ল্যান্ট বন্ধ হয়ে যায়। এবার ক্রুডের জাহাজ আসার খবরে পরিশোধনাগারটি নিয়ে তৈরি হওয়া ধোঁয়াশা কাটবে। তবে সৌদি আরবের তাস তানুরা বন্দরে আটকা এক লাখ টন ক্রুড অয়েলবাহী আরেক জাহাজের বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রার বিষয়ে নিশ্চয়তা মিলছে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## জিয়া ও খালেদার সমাধিতে বিএনপির সংরক্ষিত নারী প্রার্থী জেরিনের শ্রদ্ধা

জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে বিএনপির মনোনীত প্রার্থী সুরাইয়া জেরিন শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীরউত্তম ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে রাজধানীর শের-ই-বাংলা নগরের জিয়া উদ্যানে গিয়ে তিনি এ শ্রদ্ধা জানান। এসময় ফাতেহা পাঠ ও দোয়া করা হয়। সুরাইয়া জেরিন বগুড়া জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক এবং মহিলা দলের যুগ্ম সাধারণ সম্পাদক। শ্রদ্ধা জানানোর সময় বগুড়া জেলা বিএনপির নেতা-কর্মীরাও উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## উপজেলা পরিষদে বসার জন্য এমপিরা পাচ্ছেন 'পরিদর্শন কক্ষ'

উপজেলা পরিষদগুলোতে জাতীয় সংসদ সদস্যদের জন্য আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন বিশেষ 'পরিদর্শন কক্ষ' প্রস্তুত করার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী শাহে আলম মুরাদ। মঙ্গলবার (২১ এপ্রিল) জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদের কাছ থেকে ফ্লোর নিয়ে এমপিদের এ সুসংবাদ দেন প্রতিমন্ত্রী। প্রতিমন্ত্রী বলেন, স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রীর পরামর্শক্রমে এ সংক্রান্ত সরকারি আদেশ (জিও) এরই মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) কাছে পাঠানো হয়েছে। শাহে আলম মুরাদ বলেন, উপজেলা পরিষদের নতুন কিংবা পুরাতন ভবনে বিদ্যমান অবকাঠামোর মধ্যেই সংসদ সদস্যদের জন্য একটি করে কক্ষ প্রস্তুত করা হবে। এসব কক্ষে অ্যাটাচ বাথরুমসহ প্রয়োজনীয় আসবাবপত্র রাখা হবে, যাতে সংসদ সদস্যরা স্বাচ্ছন্দ্যে বসে কাজ করতে পারেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## হাওরের ধান যেন কোনোভাবেই নষ্ট না হয় : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেছেন, হাওরাঞ্চলের ধান যথাসময়ে কাটার জন্য সর্বাত্মক ব্যবস্থা নেওয়া হয়েছে। হাওরের ধান যেন কোনোভাবেই নষ্ট না হয়। মঙ্গলবার (২১ এপ্রিল) কৃষি মন্ত্রণালয়ের সভাকক্ষে দেশের হাওরাঞ্চলের ধান কাটার অগ্রগতি ও সার্বিক বিষয় নিয়ে আয়োজিত সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। সভায় কৃষি সচিব ড. রফিকুল ই মোহামেদ, হাওরাঞ্চলের মাঠ প্রশাসন ও কৃষি বিভাগের কর্মকর্তারা অনলাইনে যুক্ত ছিলেন। কৃষিমন্ত্রী বলেন, সর্বোচ্চ সতর্কতা ও আন্তরিকতার সঙ্গে সমন্বয় করে যথাসময়ে হাওরাঞ্চলের ধান কাটা শেষ করতে হবে। যে-সব অঞ্চলে ধান আগে কাটার উপযোগী, সেখানে প্রয়োজনে পাশের এলাকা থেকে হার্ভেস্টার ও ধান কাটার শ্রমিক এনে কাটতে হবে। এ বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধি ও স্বেচ্ছাসেবকদের সম্পৃক্ত করতে মন্ত্রী সংশ্লিষ্টদের নির্দেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## বিএসইসি থেকে সরানো হচ্ছে রাশেদ মাকসুদকে, পরিবর্তন আসছে আইনে

দেশের পুঁজিবাজারের প্রধান নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান পদ থেকে খন্দকার রাশেদ মাকসুদকে সরানোর পরিকল্পনা নিয়েছে সরকার। তাকে এ পদ থেকে সরানোর আগে কমিশন আইনে কিছু পরিবর্তন আনা হবে। এরই মধ্যে আইন পরিবর্তনের কার্যক্রম শুরু করেছে অর্থ মন্ত্রণালয়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বর্তমানে বলবৎ থাকা 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩' অনুযায়ী, বিএসইসি চেয়ারম্যানের সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ করা হয়েছে ৬৫ বছর। অর্থাৎ, বয়স ৬৫ বছর পূর্ণ হলে কোনো ব্যক্তি বিএসইসির চেয়ারম্যান হওয়া বা এ পদে থাকার যোগ্য হবেন না। সরকার বিএসইসি চেয়ারম্যানের বসয়সীমা আরও কমিয়ে আনার পরিকল্পনা করছে। এক্ষেত্রে তা পাঁচ বছর কমিয়ে সর্বোচ্চ ৬০ বছর করা হতে পারে। অর্থাৎ, ৬০ বছর পূর্ণ হলে কোনো ব্যক্তি বিএসইসি চেয়ারম্যান হওয়া বা এ পদে থাকার যোগ্য হবেন না। চেয়ারম্যানের পাশাপাশি, বিএসইসি কমিশনারদের বয়সসীমাও কমিয়ে ৬০ বছর করা হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## রাজধানীর ৭ ফিলিং স্টেশনে 'ফুয়েল পাস' অ্যাপে তেল বিক্রি বাধ্যতামূলক

রাজধানীর সাতটি ফিলিং স্টেশনে মোটরসাইকেল চালকদের কাছে জ্বালানি তেল বিক্রিতে 'ফুয়েল পাস' অ্যাপ বাধ্যতামূলক করা হয়েছে। মঙ্গলবার (২১ এপ্রিল) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। রাজধানীর সোনার বাংলা সার্ভিস স্টেশন (আসাদগেট), ট্রাস্ট ফিলিং স্টেশন (তেজগাঁও), গুলশান সার্ভিস স্টেশন (মহাখালী), মেঘনা মডেল পাম্প (শাহবাগ), নিকুঞ্জ মডেল সার্ভিস সেন্টার (নিকুঞ্জ), খালেক সার্ভিস স্টেশন (দারুস সালাম, মিরপুর) এবং তালুকদার ফিলিং স্টেশনে (আসাদগেট, মিরপুর রোড) জ্বালানি বিক্রিতে ফুয়েল পাস অ্যাপ বাধ্যতামূলক করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, এসব ফিলিং স্টেশনে জ্বালানি সংগ্রহের জন্য যাওয়ার আগে মোটরসাইকেল চালকদের ফুয়েল পাস অ্যাপ ইনস্টল করে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হচ্ছে। এরই মধ্যে দেশের যে-কোনো জেলার মোটরসাইকেল চালকদের জন্য 'ফুয়েল পাস' রেজিস্ট্রেশনের জন্য উন্মুক্ত করা হয়েছে। অর্থাৎ, ঢাকায় বসবাসরত অন্য যে-কোনো জেলায় রেজিস্ট্রেশন করা মোটরসাইকেল ফুয়েল পাস রেজিস্ট্রেশন করলে ঢাকার উন্মুক্ত ফিলিং স্টেশনগুলো থেকে জ্বালানি সংগ্রহ করা যাবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## নবায়নযোগ্য জ্বালানিতে সহায়তায় প্রতিশ্রুতিবদ্ধ সরকার : এনবিআর চেয়ারম্যান

সোলার প্যানেলের আন্তর্জাতিক বাজারমূল্য কেজি প্রতি প্রায় এক ডলার হলেও কাস্টমস তা তিন ডলার হিসেবে মূল্যায়ন করায় আমদানিতে কার্যকর খরচ উল্লেখযোগ্যভাবে বেড়ে যাচ্ছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। তবে, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেছেন, নবায়নযোগ্য জ্বালানি খাতকে এগিয়ে নিতে সরকার ও এনবিআর প্রতিশ্রুতিবদ্ধ। প্রয়োজনে বিষয়টি পর্যালোচনার জন্য সংশ্লিষ্ট টিম কাজ করবে। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে আগারগাঁওয়ের জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলন কক্ষে আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় এ কথা বলেন বাংলাদেশ টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি সমিতির (বিএসআরইএ) সভাপতি মোস্তফা আল মাহমুদ। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

## চিফ হুইপকে নিয়ে 'বিভ্রান্তিমূলক তথ্য': কনটেন্ট ক্রিয়েটর নাসিমের জামিন

জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনিকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে 'বিভ্রান্তিমূলক তথ্য' প্রচারের অভিযোগে গ্রেফতার কনটেন্ট ক্রিয়েটর এ এম হাসান নাসিমকে জামিন দিয়েছেন আদালত। মঙ্গলবার (২১ এপ্রিল) শুনানি শেষে আসামিপক্ষের করা আবেদন মঞ্জুর করে ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালত এক হাজার টাকা মুচলেকায় তাকে জামিন দেন। ঢাকা মহানগর প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক মোক্তার হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। গত ১৭ এপ্রিল রাত ৮টার দিকে রাজধানীর শের-ই-বাংলা নগর থানা এলাকার একটি ভাড়া বাসা থেকে নাসিমকে গ্রেফতার করে পুলিশ। পরদিন তাকে আদালতে হাজির করা হলে রিমান্ড আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন বিচারক। একইসঙ্গে জামিন শুনানির জন্য ২১ এপ্রিল দিন ধার্য করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

# BBC

## POPEMOBILE CHILD CLINIC YET TO REACH GAZA ONE YEAR AFTER FRANCIS'S DEATH

On the first anniversary of the death of Pope Francis, one of his last wishes - to convert his popemobile into a mobile clinic for children and send it to war-torn Gaza - is still waiting to be granted. "It was really the wish of the Holy Father to be able to do something for the children of Gaza," a close confidant of the late pontiff, Cardinal Anders Arborelius of Sweden, tells me. "It's a symbol of hope." The iconic popemobile - from which the pope waved at crowds of thousands of Palestinian Christians during his trip to the Holy Land in 2014 - was afterwards kept on display outside a Church-owned ice-cream parlour in Bethlehem in the

occupied West Bank. Last November, I was shown the newly refitted vehicle equipped for trauma care and vaccinations and told it could treat up to 200 children a day. However, today it remains in a glass case in the same place. (BBC Web page : 21.04.2026 Ali Ahmed)

**TRUMP SAYS US WILL NOT LIFT HORMUZ BLOCKADE UNTIL DEAL MADE WITH IRAN**

The US will not lift its blockade on Iranian ports until a deal has been reached with Tehran, US President Donald Trump has said, amid continuing uncertainty over whether fresh talks to end the war will take place. The blockade, which began a week ago, is "absolutely destroying Iran", Trump wrote on his social media platform Truth Social, adding his country was winning the conflict "by a lot". His comments come with the temporary US-Iran ceasefire set to end on Wednesday, but with no certainty over whether a second round of peace talks will go ahead in Pakistan. There is tightened security in Pakistan's capital in anticipation of a meeting. But US Vice President JD Vance - set to lead the US delegation - has not yet left Washington, while Iran says it has not decided whether to attend.
(BBC Web page : 21.04.2026 Ali Ahmed)

**ZELENSKY SAYS FAILURE OF US ENVOYS TO VISIT KYIV IS 'DISRESPECTFUL'**

President Volodymyr Zelensky has said he considered visits by US envoys Steve Witkoff and Jared Kushner to Moscow but not Kyiv "disrespectful". The pair visited the Russian capital late last year as ceasefire talks aimed at ending the war in Ukraine gained pace, and again in January. Witkoff, who has been to Moscow eight times, met Vladimir Putin on many occasions. Neither he nor Kushner, however, has ever visited Kyiv in an official capacity. "It's disrespectful [for them] to come to Moscow and not Kyiv, it's just disrespectful," Zelensky said in an interview with a Ukrainian outlet. "I understand we have complex logistics... If they don't want to, we can meet in other countries," he added. Witkoff, a former real estate magnate, is Donald Trump's special envoy and Kushner is the US president's son-in-law. (BBC Web page : 21.04.2026 Ali Ahmed)

**PETROL THEFTS SURGE AS IRAN WAR PUSHES UP FUEL COSTS**

Petrol theft has surged by 62% compared with a year ago, according to new figures compiled for the BBC, with one forecourt owner saying drive-offs are costing him £2,000 a week across his five sites. The data from fuel theft recovery company Pay My Fuel comes as petrol and diesel retailers say their staff have also faced a jump in abuse because of high fuel prices caused by the US-Israel war with Iran. Since the conflict began, the cost of filling a typical family car with petrol has risen by £14, while a typical tank of diesel has gone up by about £27. The government said fuel thieves "must face the full force of the law" while police said forces were taking a proactive approach to the issue. Josh, a petrol retailer with five garages in the south of England, said he was experiencing about five drive-offs a week now at each garage, whereas it was previously one or two. He shared CCTV footage with the BBC which shows the drive-offs happening at all times of day, and at varying costs to his business.(BBC Web page : 21.04.2026 Ali Ahmed)

**JAPAN LOOSENS ARMS EXPORT RULES IN BREAK FROM POST-WW2 PACIFISM**

Japan has relaxed decades-old restrictions on its arms exports, clearing the way for it to sell weapons to more than a dozen countries. The announcement on Tuesday marks a milestone in Tokyo's shift away from the pacifism that has characterised its post-war defence policy. It also comes at a time of heightened tensions in the region. Restrictions that limit arms exports to just five categories - rescue, transport, warning, surveillance and minesweeping - will be lifted. This means Japan can now sell lethal weapons to the 17 countries with which it has defence agreements, including the US and the UK. A ban on arms sales to countries involved in conflict will stay, although it does not cover those that have defence pacts with Japan. Authorities in Tokyo say they will allow for exceptions "in special circumstances". "In an increasingly severe security environment, no single country can now protect its own peace and security alone," Japanese Prime Minister Sanae Takaichi wrote on X on Tuesday. However, she also said there was "absolutely no change in our commitment to upholding the path and fundamental principles we have followed as a peace-loving nation for over 80 years since the war".(BBC Web page : 21.04.2026 Ali Ahmed)

**ROLE OF US OFFICIALS KILLED IN CRASH IN MEXICO UNDER SCRUTINY**

Mexican President Claudia Sheinbaum has ordered an investigation into the role played by two US officials in a counter-narcotics operation in the northern state of Chihuahua. The two

died alongside two Mexican officials when their car crashed on their way back from an operation to destroy illegal drug labs, Chihuahua officials said. Sheinbaum said that neither she nor senior members of the federal security team had been informed about any joint US-Mexican operations. The Mexican leader has been adamant that foreign officials can only operate on Mexican soil if given prior clearance at the federal level. Sheinbaum has come under pressure from her US counterpart, Donald Trump, to do more to stem the flow of drugs from Mexico to the United States but she has insisted that Mexico's "sovereignty" cannot be breached. On Monday, Sheinbaum said "we did not have knowledge of any direct work between Chihuahua state and personnel from the US embassy".
(BBC Web page : 21.04.2026 Ali Ahmed)

**NIGERIA CHARGES SIX PEOPLE WITH TREASON OVER INDEPENDENCE DAY COUP PLOT**

Six people in Nigeria, including a retired major general and a serving police inspector, have been charged with treason for attempting to overthrow President Bola Tinubu in a coup last year. The charges were filed by the Attorney General at the Federal High Court in the capital, Abuja, where the defendants are due to appear before Justice Joyce Abdulmalik on Wednesday. A seventh person - a former governor and one-time oil minister, Timipre Sylva - was also named but the court documents said he was still at large. Rumours of the coup plot first surfaced in October 2025 when the government abruptly cancelled a planned military parade to mark Nigeria's 65th Independence Anniversary. At the time, officials cited security threats - but speculation quickly linked the cancellation to a possible coup plot. The military denied the suggestion, but in January it announced that 16 officers were to be tried before a military court for attempting to oust the president. It is unclear whether the charges filed in the Federal High Court, which also include terrorism and money laundering, are in addition to the military prosecutions. (BBC Web page : 21.04.2026 Ali Ahmed)

**TRUMP TARIFF REFUNDS BEGIN BUT CONSUMERS LIKELY TO MISS OUT**

The Trump administration has begun processing refunds for billions of dollars in tariffs that the US Supreme Court struck down in February. In what is to be the biggest repayment programme in history, companies can apply online for money they were charged under the so-called "Liberation Day" tariffs - plus interest - to be returned. The US Court of International Trade in March ordered customs officials to refund the more than $160bn (£121bn) the government had collected, putting roughly 330,000 importers in a position to potentially win back some money. But some individual consumers, who were hit by the tariffs indirectly through higher prices, are not expected to be compensated. The refunds relate to levies charged by US President Donald Trump under the International Emergency Economic Powers Act (IEEPA). "All importers of record whose entries were subject to IEEPA duties are entitled to the benefit" from the high court's ruling, Judge Richard Eaton wrote in March. As of early April, more than 56,000 importers had completed the necessary steps to apply for refunds online when the portal opened, with their claims worth $127bn (£94bn). The portal, known as the Consolidated Administration and Processing of Entries (Cape), went live on Monday. (BBC Web page : 21.04.2026 Ali Ahmed)

## :: THE END ::